# সমাচার দর্পণ

১১২০ সংখ্যা। বালম ১৮।] ৩১ দিসেম্বর ১৮৩৬ সাল শনিবার ১২৪৩ সাল ১৮ পৌষ। SATURDAY, DECEMBER 31ST. 1836. [মূল্য মাসে ১ টাকা।

No. 1120. VOL. XVIII.] **Published at Serampore every Saturday Morning.** [*Price—1 Rupee monthly.*


## ইশতেহার।

### মৃত বুক সাহেবের গৃহসম্পর্কীয় বহুমূল্য আসবাব।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৪ জানুআরি বুধবার বেলা ১০ ঘণ্টার সময় শহর শ্রীরামপুরের জজ ও মাজিস্ত্রেট মৃত বুক সাহেবের গৃহসম্বন্ধীয় তাবৎ সম্পত্তি তাঁহার বাটীতে পবলিক আকসন অর্থাৎ নীলামে বিক্রীত হইবেক।

---

সদর দেওয়ানীর মোকদ্দমা বিলাত আপীলকরণবিষয়ে খবর দেওয়া যাইতেছে যে এক মাতবর সাহেব বিলাতে এক এজেন্সি হৌস করিয়াছেন। সদর দেওয়ানীর মোকদ্দমা বিলাতে বাদশাহী কৌন্সেলে আপীল করিবার কারণ ঐ সাহেব সদর দেওয়ানীহইতে আপীলের মোকদ্দমা কিছু লইয়া বিলাত গিয়াছিলেন তাহা হাসিল করিয়া সংপ্রতি কলিকাতায় আসিয়াছেন এবং প্রিবি কৌন্সেলের ভারি জমিদারীসম্পর্কীয় আর এক ডিক্রী রদ করিয়াছেন এমতপ্রকার কেহ কখন করিতে পারেন নাই। সদর দেওয়ানীর মোকদ্দমার উপর বিলাত আপীল করিবার কারণ এবং যে সকল ভারি মোকদ্দমা বহুকালাবধি বিলাত আপীলে শেষ হয় নাই তাহাও হাসিল করিবার কারণ বিলাতে অতিউপযুক্ত কৌন্সেলি মোকরর করিয়াছেন এবং বিলাতে কোম্পানির তরফ উকীল মিসর্স এড্বার্ড ও জান লাফোর্ড সাহেব মোকরর আছেন তাঁহারদিগকে উকীল নিযুক্ত করিয়াছেন অতএব যাঁহারদিগের মোকদ্দমা বিলাত আপীলে আছে কিম্বা করা আবশ্যক হয় তাঁহারা মিসর্স মেরনেল ও এলেন সাহেবের আপীসে আসিয়া আপন২ আহওয়াল জানাইবেন ঐ সাহেবের দ্বারা মোকদ্দমার তদবীরাত হইতে পারিবেক ইতি।

---

### ভূমি বিক্রয়।

#### ধর্ম্মতলার রাস্তায় মৃত জান কুক সাহেবের বহুমূল্য ভূমি।

ইশতেহার দেওয়া যাইতেছে যে আগামি জানুআরি মাসের প্রথম কোন তারিখে (ঐ তারিখের এত্তেলা তাহার পূর্ব্বে দেওয়া যাইবে) মৃত জান কুক সাহেবের ইষ্টেটের একসেক্যুটরের আজ্ঞাক্রমে মোরহিকি কোম্পানি ৬০,০০০ কোম্পানির টাকাতে নীচে লিখিতব্য ভূমি নীলামে ধরিয়া যে ব্যক্তি অধিক ডাকিবে তাহার নিকটে বিক্রয় করিবেন।

বিশেষতঃ ধর্ম্মতলার রাস্তায় যে অতিপ্রসিদ্ধ ও বহুমূল্য ও বৃহৎ বাটী ও ভূমিতে বহুকালাবধি মৃত কুক সাহেবের লিবরিষ্টবল অর্থাৎ অশ্বশালা ছিল তাহা এইক্ষণে কুক কোম্পানি মাসে সিক্কা ৫০০ টাকাতে ভাড়া করিয়া আছেন তাঁহারা ঐ কেরায়াতে আগামি ১ দিসেম্বর তারিখঅবধি সাড়ে তিন বৎসরের নিমিত্ত ভাড়া লইয়াছেন এবং এই বন্দোবস্ত আছে যে ঐ

## ইশতেহার

বাটীর মেরামতীকার্য্য তাঁহারা নিজ খরচে করিবেন।

ঐ ভূমি সর্ব্বসুদ্ধ ৪৷৷২ চারি বিঘা বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক এবং তাহা সংপ্রতি বর্ণ কোম্পানির দ্বারা কোম্পানির ৫২৭৮৬৵৯ খরচে সম্পূর্ণরূপে মেরামৎ হইয়াছে।

অনেক বৎসরাবধি ধন অর্পণের নিমিত্ত সর্ব্বসাধারণ লোকের প্রতি যেমন সুযোগের প্রস্তাব হয় নাই তদ্রূপ সুযোগ এই ক্ষণে এই বাটী বিক্রয়েতে দর্শান যাইতেছে।

---

### শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১ প্রথম জানুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত আর এচ ককেরল সাহেব মৃত রাধামোহন দাসের পুত্র অথচ উত্তরাধিকারী গৌরমোহন দাস ও ভুবনমোহন দাস ও বৃজমোহন দাসের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। কলিকাতানগরের মলঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত রাধামোহন দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে অক্রূর দত্তের বাটী ও ভূমি। পশ্চিম দিগে সদর রাস্তা। উত্তর দিগে জগদ্দুর্লভ অধিকারির বাটী ও ভূমি। দক্ষিণ দিগে অক্রূর দত্তের গলি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত রাধামোহন দাসের স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে রামকান্ত বসুর বাটী ও ভূমি। পশ্চিম দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে ভৈরবচন্দ্র ধরের বাটী ও ভূমি। উত্তর দিগে সরকারী নরদমা।

৩ দফা। এবং জিলা চব্বিশ পরগনার ডিহি পঞ্চান্নগ্রামের ত্রানগ্রার শামিল ও তন্মধ্যস্থিত এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ সমেত অনুমান ১০/ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার

## ইশতেহার।

মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত রাধামোহন দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে গিরিধর সাউর এক খণ্ড ভূমি। উত্তর দিগে শ্রীযুত আলন সাহেবের বাগান। পশ্চিম দিগে শিবু ঠাকুরের ভূমি। পূর্ব্ব দিগে সদর রাস্তা।

৪ দফা। পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ৷৷০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত রাধামোহন দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পূর্ব্ব দিগে গোপী রায়ের রাইয়তী ভূমি। উত্তর দিগে সদর রাস্তা। পশ্চিম দিগে উক্ত রাধামোহন দাসের অপর এক উদ্যান।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে পাঁচ খণ্ড ও বন্দ ধান্য ভূমি সর্ব্বসমেত অনুমান ৭৷৷০ সাড়ে সাত বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত রাধামোহন দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

---

### আ গ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্র হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে।

## ইশতেহার।

কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

---

### রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

---

### অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব মুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

### দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

## রাজকর্ম্মে নিয়োগ।

১৭ দিসেম্বর ১৮৩৬।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এফ ই রিড সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত বগুড়ার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ টি ট্রাটর সাহেব পুরণিয়ার মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

২০ দিসেম্বর।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনর শ্রীযুত সি ডবলিউ ষ্টিয়র সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গত মাসের ২৯ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

পাটনার মাজিস্ত্রেট শ্রীযুত ডবলিউ আর জেনিংস সাহেব শ্রীযুত কমিস্যনর বাহেবকর্ত্তৃক যে এক মাসের ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটি পাইয়াছেন।

দিনাজপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত টি ওয়াট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১ প্রথম তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত ওয়াট সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত এ জি মাকডোলাণ্ড সাহেব ঐ পদের তাবৎ চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মুঙ্গেরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত আর ডবলিউ বারলো সাহেব গত ২০ সেপ্তেম্বর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত আগামি মাসের ১৮ তারিখ বা উইণ্ডর জাহাজ অর্থাৎ যে জাহাজারোহণে বিলাত গমনের স্থির করিয়াছেন সেই জাহাজ প্রস্থিত হওনের তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

মালদহের সিবিলসম্পর্কীয়েরদের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে লাম্ব সাহেব গত মাসের ১০ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২২ দিসেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত জি আদমস সাহেবের পদে শ্রীযুত জে টি মেলিস সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত বর্দ্ধমানের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আদমস সাহেব কোন কর্ম্মে নিযুক্ত হওন জারী হয় নাই।

শ্রীযুত এম এ জি শা সাহেব ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ প্রদেশের রেবিনিউ দায়েরসায়েরী কমিস্যনরের আসিষ্টান্ট হইয়াছেন।

২১ দিসেম্বর।

কোম্পানির কেরাণি শ্রীযুত এ জি শা ও শ্রীযুত টি ইয়ং সাহেব সরকারী কার্য্য নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুর তাঁহারদিগকে বঙ্গ রাজধানীভুক্ত করিয়াছেন।

শ্রীযুত টি পি মার্টন সাহেবের স্থানহইতে শ্রীযুত এচ এস লেন সাহেব বর্ত্তমান মাসের ১২ তারিখে তমোলুকের নিমক এজেন্টের কর্ম্মের ভার গ্রহণ করিয়াছেন।

শ্রীযুত এম এ জি শা সাহেব বর্ত্তমান মাসের ১৩ তারিখে পরীক্ষাতে উত্তীর্ণ হইয়া সরকারী কার্য্য নির্ব্বাহার্থ এতদ্দেশীয় ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে গত ৫ অক্টোবর তারিখে ঐ সাহেবের ইঙ্গলণ্ডে প্রত্যাগমন করিবার যে হুকুম হয় তাহা রহিত হইয়াছে।

কোম্পানির কেরাণি শ্রীযুত টি ইয়ং সাহেব সরকারী কার্য্য নির্ব্বাহার্থ এতদ্দেশীয় ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

## Civil Appointments.

*17th December*, 1836.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. F. E. Reid to officiate, until further orders, as Joint Magistrate and Deputy Collector of Buggoora.

Mr. W. T. Trotter to officiate as Magistrate and Collector of Purnea.

*20th December.*

The following officers have obtained leave of absence from their stations :

Mr. C. W. Steer, Commissioner of Revenue and Circuit of the 13th or Bauleah Division, for one month, in extension of the leave granted to him on the 29th ultimo, on private affairs.

Mr. W. R. Jennings, Magistrate of Patna, for three months, on medical certificate, in extension of the leave granted to him by the Commissioner for one month.

Mr. T. Wyatt, Civil and Session Judge of Dinagepore, for one month, from the 1st proximo, on private affairs. Mr. A. G. Macdonald will conduct the current duties of the office during Mr. Wyatt's absence.

Mr. R. W. Barlow, Joint Magistrate and Deputy Collector of Monghyr, until the 18th proximo, or until the date of the sailing of the Ship *Windsor*, on which he has taken his passage to England, in extension of the leave granted to him on the 20th September last.

Mr. Assistant Surgeon J. Lamb, attached to the Civil station of Malda, to the 31st instant, on private affairs, in extension of the leave granted to him on the 10th ultimo.

*22d December.*

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. J. T. Mellis to officiate, until further orders, as Joint Magistrate and Deputy Collector of Burdwan, vice Mr. G. Adams, whose appointment has not taken place.

Mr. M. A. G. Shawe to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 14th or Moorshedabad Division.

*21st December.*

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach to the Bengal Presidency, Messrs. M. A. G. Shawe and T. Young, Writers, reported qualified for the public service.

Mr. H. S. Lane received charge of the Tumlook Salt Agency from Mr. T. P. Marten on the 12th instant.

Mr. M. A. G. Shawe having passed an Examination on the 13th instant, and being reported qualified for the public service by proficiency in the Native languages, the order issued on the 5th October last for that Gentleman's return to England is cancelled.

Mr. T. Young, Writer, is reported qualified for the public service by proficiency in the Native languages.

## ফোর্ট উলিয়ম
### জুদিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট

২০ দিসেম্বর ১৮৩৬।

কার্য্যনির্ব্বাহকরণীয় ফলের রিপোর্ট প্রস্তুত করণবিষয়ে যে বিধি এইক্ষণে চলিতেছে তাহার অতিরিক্ত বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ সাহেব পশ্চিম প্রদেশের শ্রীল শ্রীযুত লেপ্তেনন্ত গবর্‌নর্‌ সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া নীচে লিখিতব্য বিধির প্রস্তাব করিয়াছেন এবং ঐ বিধানে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সম্মত হইয়াছেন। অতএব বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ সাহেবের অধীনে যে সকল আদালত ও রেবিনিউসম্পর্কীয় কর্ম্মকারক আছেন তাঁহারদের বিজ্ঞাপন ও তাঁহারদের কর্ম্ম চালায়নের উপদেশার্থে এই বিধি এইক্ষণে প্রচলিত হইতেছে।

সদর দেওয়ানী আদালতের প্রত্যেক জজের জিলা আদালতের মোকদ্দমার আপীল শুনিতে হইলে ঐ আপীল চলনসময়ে তাঁহারা যদি এমত কোন বিষয় দেখেন যে তাহাতে নীচস্থ আদালতের কলঙ্ক জন্মিতে পারে তবে তৎসময়েই তাহা টুকিয়া রাখিবেন এবং আপীলের কার্য্য সমাপ্ত হইলেপর যদি কোন জজ সাহেবের এমত বোধ হয় যে ঐ নীচস্থ আদালতের কার্য্য অতিঅবিবেচনাপূর্ব্বক বা সদ্বিবেচনাপূর্ব্বক হইয়াছে তাহাও টুকিয়া রাখিবেন পশ্চাৎ সদর দেওয়ানী আদালতের তাবৎ জজ সাহেবেরদের একত্র বৈঠক হইলে তদ্বিষয়ের বিবেচনা করিবেন। এবং সদর দেওয়ানী আদালত স্থির করিবেন যে আপনারদের বার্ষিক রিপোর্ট প্রস্তুতকরণসময়ে প্রত্যেক জিলার জজ কিরূপে কার্য্য নির্ব্বাহ করিয়াছেন তদ্বিষয়ে সদর দেওয়ানী আদালতের তাবৎ জজ সাহেবেরা স্বাভিপ্রায় জ্ঞাপনকরণসময়ে মোকদ্দমার বিষয় যাহা টুকিয়া রাখিয়াছেন তাহা কিরূপে ঐ রিপোর্টে অর্পণীয় হয় তাহার বিবেচনা করিবেন।

এবং সদর দেওয়ানী আদালতের প্রতি আরো হুকুম হইল যে কোন জিলার মধ্যে যদি তাঁহারদের এমত বিবেচনা হয় যে দেওয়ানী আদালতের কার্য্য এমত শৈথিল্যরূপে চলিতেছে যে সাধারণ প্রজারদের মঙ্গলার্থে ঐ অনিষ্ট বিষয়ের প্রতিকারজন্য অবিলম্বে কোন উপায়করণ আবশ্যক তবে তাঁহারা তৎক্ষণাৎ তদ্বিষয়ে বিশেষ রিপোর্ট করিবেন। যদি ঐ শৈথিল্য তাদৃশ গুরুতর না হয় তবে আপনারদের এলাকার মধ্যে কোন জিলার সামান্য অভদ্রতা হইতেছে বোধ হয় তবে তৎসম্বাদ তাঁহারদের বার্ষিক রিপোর্টের মধ্যে লিখিতে হইবে।

এইক্ষণে সদর দেওয়ানী আদালতের বার্ষিক রিপোর্টের মধ্যে সামান্যত লেখা যাইতেছে যে জিলার প্রত্যেক জন জজ সাহেব কত মোকদ্দমা নির্ব্বাহ করিয়াছেন এবং কত মুৎফরক্কা দেওয়ানীবিষয়ের হুকুম জারী করিয়াছেন এবং ফৌজদারী কার্য্য নির্ব্বাহার্থ কত দিন বৈঠক করিয়াছেন এতদতিরিক্ত উত্তরকালে সদর দেওয়ানী আদালতের রিপোর্টে আরো লিখিতে হইবে যে জজ সাহেবেরদের কত নিষ্পত্তি ও মুৎফরক্কা হুকুমের জাবেতামত নিষ্পত্তি কত ও খাস আপীল কত হইয়াছে এবং প্রত্যেক জন জজ সাহেবের হুকুমের আপীলে কি ফল হইয়াছে এবং প্রত্যেক জন জজ সাহেব দেওয়ানী মোকদ্দমা নির্ব্বাহার্থ কত দিবস বৈঠক করিয়াছেন।

ফৌজদারী কার্য্য নির্ব্বাহবিষয়ে প্রতি বৎসরে যে রিপোর্ট প্রস্তুত হইয়া থাকে তাহাতে সদর নিজামত আদালতের জজ সাহেবেরা এবম্বিধ সংবাদ প্রত্যেক জন সেসন জজ সাহেবেরদের কার্য্যবিষয়ে উপরি উক্ত মত লিখিবেন এবং সদর দে

## NOTIFICATION.

### FORT WILLIAM,

JUDICIAL AND REVENUE DEPARTMENT,

*20th Dec.* 1836.

The following Rules, in amendment of those already prescribed for preparing Reports of the results of administration, have accordingly been proposed by the Right Honourable the Governor of Bengal, in communication with the Honourable the Lieutenant Governor of the N. W. Provinces, and have been approved by the Right Honourable the Governor General of India in Council : they are now promulgated for the information and guidance of all officers in the Judicial and Revenue Department subject to the orders of the Governor.

In hearing Appeals from the Zillah Courts, every Judge of the Court of Sudder Dewanny Adawlut shall note, as each case proceeds, any points that may strike him as affecting materially the character of the Court below, and whenever, at the conclusion of an Appeal, any Judge may be of opinion that the Proceedings of such a Court have been either remarkably well, or remarkably ill conducted, it shall be his duty to make a note thereon for the consideration of the Court, collectively, at their English sitting. The Court will determine in what manner these notes may best be made available in the preparation of their Annual Report, for the expression of their collective opinion on the quality of the business performed by every Zillah Judge.

The Court of Sudder Dewanny Adawlut is hereby required to make a Special Report on the subject of any Zillah, in which they may be of opinion that the state of Civil business is such as to make it desirable for the sake of the public interests, that measures should be immediately taken to remedy the evil. In cases of less importance, it shall be the duty of the Court to notice in their Annual Report any serious defect which they may believe to exist in the administration of Civil Justice in any District under their jurisdiction.

In addition to the number of Cases decided by each Zillah Judge, the number of miscellaneous Judical Orders passed by him, and the number of days employed in Sessions business, which information is now given in the Annual Report of the Court of Sudder Dewanny Adawlut, that Report shall in future show the number of Appeals, Regular and Special, lodged against such Decisions and miscellaneous Orders, the result of all the Appeals of a like nature from each Judge decided on during the course of each year, and the number of days in which each Judge sat for the transaction of Civil business.

Corresponding information, with respect to the Proceedings of the several Session Judges, must be embodied in the Annual Reports submitted to Government by the Court of Sudder Nizamut Adawlut on the administration of Criminal Justice; and a

ওয়ানী আদালতের জজ সাহেবেরদের সাধারণ বৈঠকে যেমত দেওয়ানীবিষয়ক সম্বাদ জ্ঞাপন করা যায় তেমনি সদর নিজামত আদালতের বৈঠকে ফৌজদারীবিষয়ক রিপোর্ট জ্ঞাপন করিতে হইবে।

দায়েরসায়ের কমিস্যনর সাহেবেরা আপনারদের অধীন প্রত্যেক জিলার পোলীসের কার্য্য কিপ্রকার শৈথিল্য বা বলবৎরূপে চলিতেছে এবং পোলীসের কার্য্য যে সকল কর্ম্মকারক সাহেবেরদের হস্তে অর্পিত আছে তাঁহারদের প্রত্যেক জন ঐ কার্য্য কিরূপ নির্ব্বাহ করিয়াছেন তাহা আপনারদের বার্ষিক রিপোর্টের দ্বারা জ্ঞাপন করিবেন অধিকন্তু প্রত্যেক জন কমিস্যনর সাহেব রিপোর্টের মধ্যে জ্ঞাপন করিবেন যে আপন এলাকার মধ্যে মাজিস্ত্রেট ও জাইণ্ট মাজিস্ত্রেট সাহেবেরদের আসিষ্টাণ্ট সাহেবেরা কিপর্য্যন্ত কার্য্যে নিযুক্ত হইয়াছেন এবং তাঁহারদিগকে কার্য্যে নিযুক্ত করাতে কি ফল হইয়াছে। তাঁহারদের এইপ্রকার রিপোর্ট দেওয়াতে সিবিলসম্পর্কীয় যুব সাহেব লোকেরদের কর্ম্মদক্ষতা ও পরিশ্রমের বিষয় গবর্ণমেণ্ট বিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের প্রতি হুকুম হইল যে প্রত্যেক বাঙ্গলা ও ফসলী বৎসর শেষ হইলে প্রত্যেক বঙ্গদেশীয় ও ফসলি জিলাতে সরকারের কত রাজস্ব বাকি আছে তাহার বিবরণ জ্ঞাত করিবেন এবং জমার উপরে শতকরা কত টাকা বাকি পড়িয়াছে তাহা এবং আবশ্যক হইলে রাজস্ব বাকিপড়া প্রত্যেক জিলার কালেক্টর বা ডেপুটি কালেক্টরের উদ্যোগশৈথিল্যে তাহা হইয়াছে কি না তাহা জ্ঞাত করিবেন।

ভূমি বাজেয়াফ্তকরণ ও তাহার বন্দোবস্তকরণ কার্য্য সমাপ্ত না হওনপর্য্যন্ত সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা আপনারদের বার্ষিক রিপোর্টে পূর্ব্ববৎ লিখিবেন যে ঐ দুই দপ্তরে গত বৎসরে কিং কার্য্য হইয়াছে এবং আগামি শীতকালে কিরূপে তৎকার্য্য নির্ব্বাহের পাণ্ডুলেখ্য ঠাহরাইয়াছেন। ঐ বিশেষ কার্য্যবিষয়ে সদর বোর্ডের সাহেবেরা যেং স্থলে ঐ কার্য্যে নিযুক্ত ব্যক্তিরা উৎসাহ ও সদ্বিবেচনাপূর্ব্বক কার্য্য নির্ব্বাহ করিয়াছেন বোধ করেন তাহা ঐ রিপোর্টে জ্ঞাপন করিবেন এবং কমিস্যনর ও কালেক্টর সাহেবেরা কিরূপে আপনারদের আসিষ্টাণ্ট সাহেবেরদিগকে তৎকার্য্যে নিযুক্ত করিয়াছেন তাহার বিশেষ বিবরণও কমিস্যনর ও কালেক্টর সাহেবেরদের স্থানে চাহিবেন এবং সামান্যতঃ আপনারদের রিপোর্ট প্রস্তুতকরণার্থ অন্য যে কোন সম্বাদের প্রয়োজন হয় তাহাও ঐ কমিস্যনরপ্রভৃতি সাহেবেরদের স্থানে চাহিবেন।

আরো হুকুম হইল যে সদর আদালত ও সদর বোর্ড ও কমিস্যনর ও কালেকটর ও ডেপুটি কালেকটর ও মাজিস্ত্রেট ও জাইণ্ট মাজিস্ত্রেট সাহেবেরদের উচিত যে তাঁহারদের অধীনে সিবিলসম্পর্কীয় যে কোন কার্য্যকারকের হাতে যে কার্য্য অর্পিত আছে সেই কার্য্য নির্ব্বাহকরণে তিনি নিতান্তই অক্ষম এমত তাঁহারদের বিবেচনা হইলে কর্ত্তৃত্বকারি সাহেবেরদিগকে অগৌণেই তাহা জ্ঞাপন করিবেন। এবং উপরি উক্ত তাবৎ কার্য্যকারকেরদিগকে এইক্ষণে বিশেষরূপে জ্ঞাত করা যাইতেছে যে তাঁহারদের অধীন কার্য্যকারকেরা কিরূপে স্বং কার্য্য নির্ব্বাহ করেন ইহা জ্ঞাত হওয়া তাঁহারদের অবশ্য কর্ত্তব্য এবং তাঁহারদের অধীন কার্য্যকারকেরদের যে অক্ষমতা বা অসদ্ব্যবহার বা কর্ম্মের চুক তাঁহারদের জানা কর্ত্তব্য ছিল তদ্বিষয় তাঁহারা যদ্যপি আপনারদের উপরিস্থ কর্ত্তৃত্বকারি সাহেবেরদিগকে জ্ঞাত না করেন তবে ঐ অক্ষমতাদির দ্বারা যে অনিষ্ট ফল জন্মে তদ্বিষয়ে তাঁহারাই দায়ী হইবেন।

দেওয়ানী কার্য্যের নির্দ্ধারিত নিয়ম যথাসাধ্য উত্তমকরণার্থ এবং কর্ম্মদক্ষতার বিলক্ষণ পুরস্কার দেওনার্থ ও কর্ম্মকারকেরদের শৈথিল্য বা অক্ষমতার দ্বারা প্রজারদের ক্ষতি না হয় ইহার সুনিয়মকরণার্থ বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবর্নর সাহেবের প্রতি যে ভার আছে উপরি উক্ত বিধানকরণেতে সেই ভারের কার্য্য সিদ্ধ করা হইল। কিন্তু এই বিধান চলিত করণ সময়ে সুযোগ বুঝিয়া শ্রীলশ্রীযুত এইক্ষণে বঙ্গাদি প্রদেশের সিবিলসম্পর্কীয় সাহেবেরদিগকে জ্ঞাত করিতেছেন যে ভারতবর্ষে আগমনাবধি কোনং ব্যক্তি বর্জিয়া তাঁহারা যেরূপে আপনারদের নানাবিধ দুঃসাধ্য কার্য্য নির্ব্বাহকরণেতে যে উৎসাহ ও যথার্থতা ও কৃতকার্য্যতা প্রকাশ করিয়াছেন তাহাতে পরম সন্তুষ্ট হইয়াছেন এবং তিনি বিবেচনা করেন যে কর্ত্তৃত্ববিষয়ে যে কোন নিয়ম নির্দ্ধারিত হউক না কেন তাঁহারদের উৎসাহ ও সচ্চরিত্র না হইলে পূর্ব্ববৎ প্রশংসাযোগ্য উদ্যোগ হইতে পারে না এবং সরকারের ও ভিন্নং লোকেরদের স্বত্ব বজায় রাখণার্থ তাঁহারদের হস্তে যে অতিগুরুতর ভার অর্পিত হইয়াছে সেই ভারের কার্য্য নির্ব্বাহে তাঁহারদের অতিমনোযোগ অপেক্ষা করে।

বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেবের আজ্ঞাক্রমে।

রস ডি মাঙ্গল্‌স
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

corresponding method for laying the necessary information before that Court, collectively, must be adopted.

It shall be the duty of the several Commissioners of Circuit to report, in their Half-yearly Police Returns, their opinions on the general efficiency of the Police of each District under their Superintendence, and on the manner in which the various business in this Department has been performed by each of the officers among whom it is distributed. It will also be the duty of each Commissioner, to notice prominently in these Reports the extent to which the services of the Assistants to the Magistrates and Joint Magistrates in his Division have been employed, and the consequences of such employment, in order that the application and abilities of the several Officers in the Junior grades of the Service may be brought distinctly under the view of the Government.

It will be the duty of the Sudder Board of Revenue, immediately upon the close of every Bengal and Fusily year, to submit to Government a Statement of all outstanding arrears of Revenue in every Bengal or Fusily District, with a note of the proportion per cent. which such arrears may bear to the Jumma, in each case, and to remark, where necessary, in what degree the result is attributable to the conduct of the Collector or Deputy Collector in each District.

Until the completion of all Resumption and Settlement business, the Annual Division Reports required from the Sudder Board of Revenue, shewing the business that has been done in those Departments during the past year, and the plan of operations for the approaching cold season, will necessarily be continued. In these Reports, as far as those particular duties are concerned, the Sudder Board of Revenue are hereby required to represent every case in which the conduct of the Officers employed has been distinguished by zeal and discretion, or by the contrary faults; and to call upon the Commissioners and Collectors under them, to furnish them with all Statements of the allotment of work to their Assistants, and with all the other materials that may be necessary to enable them satisfactorily to perform the duty above required of them.

It is hereby declared that it is the duty of the Sudder Courts and Board, of the Commissioners, of the Collectors and Deputy Collectors, and of the Magistrates and Joint Magistrates to report to their immediate Superior every case in which they may be of opinion that a Covenanted Officer, subordinate to them, is decidedly disqualified to discharge efficiently the duties entrusted to him; and it is hereby notified to all such Functionaries that it is considered an essential part of their duty to make themselves acquainted with the manner in which their subordinate Officers perform their duties; and that they themselves will be held responsible for any mischievous consequences that may result from any inefficiency, bad habits, or serious errors of conduct of those under them, that ought to have been known to them, unless they report the same for the information of their superiors.

In framing the Rules which have been above prescribed, the Right Honourable the Governor of Bengal has discharged the duty committed to him of improving, as far as possible, the established system for the control of the Civil administration; for ensuring to efficiency its just reward; and protecting the public interests from the consequences of incapacity or neglect. But he cannot allow the opportunity of promulgating the Rules to pass, without making known to the Civil Service in these Provinces the high satisfaction with which, since his arrival in India, he has observed the zeal, the justice, and the success, with which, with rare exceptions, they have applied themselves to the performance of their various and arduous functions. To their character and public spirit, more than to the operation of any formal system of supervision and control, he looks for a perseverance in the same meritorious exertions, and for a maintenance of the same careful regard, in their important and often delicate trusts, alike to public and to individual rights.

By Order of the Right Honourable the Governor of Bengal,

ROSS D. MANGLES,
*Sec. to the Govt. of Bengal.*


# সমাচার দর্পণ

শনিবার ৩১ দিসেম্বর ১৮৩৬।


## নিষ্কর ভূমিবিষয়ক।

শ্রীযুত বাবু রামলোচন ঘোষ নিষ্কর ভূমিবিষয়ক যে পত্র লিখিয়াছেন তাহা এবং প্রভাকরসম্পাদক মহাশয় তাহার যে উত্তর প্রদান করিয়াছেন সে সমুদায় আমরা এই সপ্তাহে প্রকাশ করিলাম। আমারদের বোধ হয় যে গবর্ণমেণ্ট যে যুক্তিক্রমে নিষ্কর ভূমিসকল বাজেয়াফ্ত করিতে উদ্যত হইয়াছেন সেই যুক্তি ঐ প্রস্তাবে সুব্যক্ত হয় নাই। গবর্ণমেণ্ট ঋণী আছেন এইপ্রযুক্ত যে নিষ্কর ভূমি বাজেয়াফ্ত করিতেছেন এমত নহে কিন্তু গবর্ণমেণ্ট নিষ্কর ভূমি বিষয়ের তজবীজকরণার্থ পূর্ব্বে যে অঙ্গীকার করিয়াছিলেন তাহাই এইক্ষণে প্রতিপালন করিতে আরম্ভ করিয়াছেন। ইহা বিবেচনা করিতে হইবে ভূমির উপস্বত্ব তিন ভাগে বিভক্ত হইতেছে অর্থাৎ যে কৃষকেরা উৎপাদন করে তাহারা এক অংশ পায় জমিদার এক অংশ পান গবর্ণমেণ্ট এক অংশ পাইয়া থাকেন। ভারতবর্ষে অনাদিকালঅবধি এই নিয়ম আছে যে প্রত্যেক ভূমিতে যাহা উৎপন্ন হয় তাহার কিয়দংশ সরকারী ব্যয়ার্থ নিরূপিত হয়। নিষ্কর ভূমির অর্থ এই যে যে জমিদার নিষ্কর ভূমি ভোগ করিতেছেন তিনি কেবল স্বীয় অংশ ভোগ করেন এমত নহে গবর্ণমেণ্টের অংশও লইতেছেন অতএব নিষ্কর ভূমির উপরে যখন গবর্ণমেণ্ট কর বসান তখন তাঁহারা ঐ ভূমি যে বাজেয়াফ্ত করেন তাহা নহে কিম্বা ঐ ভূমির উপস্বত্বে কৃষকের যে অংশ ও জমিদারের যে অংশ আছে তাহা কাড়িয়া লন এমতও নহে কেবল তাহাতে আপনারদের যে অংশটি আছে তাহাই মাত্র লন। যখন ১৭৬৫ সালে ইঙ্গলণ্ডীয়েরা এতদ্দেশ অধিকার করেন তখন তাঁহারা দেখিলেন যে পূর্ব্বকার মোসলমান রাজারা


# SUMACHAR DURPUN.

SATURDAY, 31ST DECEMBER, 1836.


## *Rent-free Tenures.*

WE have this week published the letter of Baboo Ramlochun Ghose on the subject of rent-free tenures, together with the reply of the Prubhakur. We are of opinion that the ground upon which Government are about to resume the rent, has not been stated in the best manner. It is not because the State is in debt that the resumptions are to be set on foot, but they arise out of the former engagements of Government. It must be borne in mind, that the produce of the land is divided, under the modern system, into three parts; one part goes to the labourer who cultivates the ground, another part to the Zemindar, and the third part to Government. It has been the invariable rule in India that a certain share of the produce of every biggah is allotted for the expenses of Government. In all rent-free lands the Zemindar, instead of taking his own share of the produce alone, takes also that which belongs to Government. In the assessment of rent-free lands, therefore, the Government do not take away the land, nor that share of the produce which belongs to the cultivator, nor that which belongs to the Zemindars, but they take that which belongs to themselves; and in this there is therefore no injustice. When the British Government took possession of the country in 1765, they found that the former *Moosulman* Government had in some instances given away to private individuals

ভূমির উপস্বত্বের মধ্যে সরকারের যে অংশ তাহা মধ্যে২ সাধারণ ব্যক্তিদিগকেও দান করিয়াছেন এবং কোনং ব্যক্তি রাজশাসনের দৌর্ব্বল্য দেখিয়া তৎকালে মিথ্যা সনন্দাদি করিয়াও অনেক ভূমি হস্তগত করিয়াছেন। অতএব গবর্ণমেণ্ট এই স্থির করিলেন যে পূর্ব্বকার রাজারা যে সনন্দ দিয়াছেন তাহা বজায় থাকিবে তদ্ব্যতিরিক্ত অন্যান্য ভূমির রাজস্ব লওয়া যাইবে। তাঁহারদের উচিত ছিল যে যত শীঘ্রসাধ্য তত শীঘ্র পূর্ব্বকার সনন্দাদির সিদ্ধাসিদ্ধতার নিরূপণ করেন কিন্তু অবকাশাভাবে ঐ কার্য্য নিষ্পন্নকরণে অধিক বিলম্ব হইয়াছে তৎপ্রযুক্ত যে ব্যক্তিরদের নিষ্কর ভূমির কোন সনন্দাদি ছিল না তাহাও তাঁহারা পঞ্চাশ বৎসরাবধি স্বচ্ছন্দে ভোগ করিয়া আসিতেছেন অতএব এইক্ষণকার উদ্যোগের অভিপ্রায় এই যে তাবৎ নিষ্কর ভূমির সনন্দসকল বিশেষরূপে তজবীজ করিয়া যে সনন্দে কোন সন্দেহ নাই তাহা বজায় রাখেন সুতরাং যাঁহারা বহুকালাবধি অন্যায়রূপে ভূমির উপস্বত্বে সরকারের যে অংশ আছে তাহাও ভোগ করিতেছেন তাঁহারা সেই অংশটিমাত্র লোপ হওনেতে মহা দুঃখী আছেন তথাপি সরকারের যাহা নিতান্ত প্রাপ্য তাহা ত্যাগ করা যুক্তিসিদ্ধ হয় না।

গবর্ণমেণ্ট সুবিবেচনাপূর্ব্বকই এই নিশ্চয় করিয়াছেন যে নিষ্কর ভূমির বিষয়ে এইসকল তজবীজ কেবল ছয় বৎসরপর্য্যন্ত চলিবে এবং এই মিয়াদের মধ্যে ঐ কার্য্য নিষ্পন্ন হয় এতদর্থ নানা কর্ম্মকারকেরদিগকে নিযুক্ত করিয়া হুকুম দিয়াছেন যে তাঁহারা শীঘ্রং কেবল তৎকর্ম্মমাত্রই নির্ব্বাহ করিবেন।

বাষ্পীয় জাহাজের গমনাগমন।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে ইঙ্গলণ্ডহইতে সংপ্রত্যাগত সম্বাদে লেখে শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদেরকর্ত্তৃক ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের মধ্যে বাষ্পীয় জাহাজ নিযুক্ত রাখণে শ্রীলশ্রীযুতেরদের যে প্রতিবন্ধকতা ছিল তাহা ক্রমেং দূর হইতেছে। এবং এইক্ষণে ঐ নিয়মের সপক্ষ লোকাপেক্ষা বিপক্ষ পক্ষ এক ব্যক্তিমাত্র অধিক অতএব ভরসা হয় ঐ বিষয় শীঘ্র সিদ্ধ হইতে পারে।

অবগত হওয়া গেল যে বোম্বাইস্থ বাণিজ্যকারিরা বাষ্পীয় জাহাজের দ্বারা ফ্রাৎ নদী দিয়া গমনাগমনার্থ অপর এক উদ্যোগ করিতে প্রবৃত্ত হইয়াছেন বিশেষতঃ এই পথ যাহাতে চিরকালীন হয় এমত চেষ্টা করিতেছেন। কথিত আছে যে এমত দুই ক্ষুদ্র বাষ্পীয় জাহাজ নির্ম্মাণার্থ ৭০০০০ টাকা চাঁদার দ্বারা সংগ্রহ করণোপায় বিবেচনার্থ তথায় এক বৈঠক হইয়াছে যে ঐ জাহাজ লেমনুম ঝিলে অনায়াসে চলে এবং উজানে ও ভাটিয়ানে সর্ব্বত্র যাতায়াত করিতে পারে।

খুনের ফয়সলা।

কলিকাতাস্থ সরাইস্থাপক রাবর্ট হার্ডিং সাহেবের মোকদ্দমায় করনর সাহেবের সুরতহালে খুনের ফয়সলাই হইয়াছে। ঐ ব্যক্তির নামে এই অভিযোগ হয় যে তিনি আপন স্ত্রীকে খুন করেন।

বাঙ্গাল বেঙ্ক।

গত শনিবারে শ্রীযুত উলিয়ম প্রিন্সেপ সাহেব বাঙ্গাল বেঙ্কের ডৈরেক্তর্স পদে মনোনীত হইলেন। শ্রীযুত জুসফ উলিস সাহেব তৎপদাভিলাষী থাকিয়া অপূর্ণাভিলাষ হইলেন।

that share of the produce which belonged to the State, and that a great number of individuals, in consequence of the weakness of Government, had obtained possession, by means of false deeds, of the Government share. They therefore determined that the deeds which could be proved to have been executed by the former Government should alone stand good, and that all other lands should be assessed. It was their duty to have examined as soon as possible into the validity of all titles; but not having leisure for this duty, it has been put off from time to time, and individuals who have no right to the rent of lands, have thus been permitted to enjoy it for more than fifty years. The object of the present exertions, is to examine carefully into the title of all lands, and to confirm those of which the deeds are found to be faultless; it is therefore naturally to be expected, that those who have for a long time unjustly enjoyed that rent of the land which belongs to the State, should be displeased at the prospect of losing it; but is it at the same time unreasonable, that the State should lose the resources which belongs to it.

Government have very wisely determined, that the examination into rent-free tenures should last only for six years, and in order that the work may be accomplished within this time, they had determined to appoint officers who shall devote their time exclusively to the performance of this work.

*Steam Communication.*

We are happy to learn, that letters lately received from England state, that the opposition of the Court of Directors to the establishment of Steam Communication between England and India is gradually subsiding; and that at present the majority in the Court against this measure is now reduced to one. We therefore expect that the cause will very soon triumph.

We learn that the merchants of Bombay have entered with some zeal into the idea of making another effort to navigate the Euphrates by Steamers; or rather to keep up this route for a permanent communication. It is said that a meeting was to be called to consider the expediency of subscribing 70,000 Rupees for the purpose of building two small Steamers, which might be quite manageable in the Lemlune marshes, and might navigate all the way up and down.

*Manslaughter.*

A verdict of manslaughter has been returned by the Coroner's inquest in the case of Robert Harding, Tavern-keeper in Calcutta, who stands charged with the murder of his wife.

*Bank of Bengal.*

Mr. Wm. Prinsep was elected a Director of the Bengal Bank on Saturday last. The unsuccessful candidate was Mr. Joseph Willis.

হিন্দুনামক আমেরিকীয় জাহাজ।

শ্রীযুত কাপ্তান বেকন সাহেবের হিন্দুনামক এক আমেরিকীয় জাহাজ এইক্ষণে কলিকাতার বন্দরে গ্রেফ্তার আছে। অবগত হওয়া গেল যে ঐ জাহাজ নীচে লিখিতব্য কারণে ক্রোক হইয়াছে।

নিউ ইয়র্ক শহরহইতে দুই জন খালাসি আপনারদিগকে আমেরিকীয় বলিয়া ঐ জাহাজে ভারতবর্ষে যাওনের ও আইসনের করার লিখিয়া দেয় পরে তাহারদের মধ্যে এক জন উক্ত জাহাজের হালিধরণসময়ে বারম্বার বোধ হয় তিনবার নিদ্রিত ছিল দৃষ্ট হওয়াতে শ্রীযুত কাপ্তান সাহেব তাহাকে প্রহার করেন। জাহাজ কলিকাতার বন্দরে পঁহুছনেতে ঐ ব্যক্তি জাহাজহইতে উঠিয়া শপথপূর্ব্বক কহিল যে আমি ইঙ্গলণ্ডীয় লোক কর্ম্ম করিতে অস্বীকৃত হইয়া করার লঙ্ঘন করিয়াছিলাম। অপর কাপ্তান বেকন সাহেব তাহার বেতন দেওনে স্বীকৃত না হওয়াতে শ্রীযুত জজ সাহেব ঐ খালাসিকে অনুমতি দিলেন যে তুমি জাহাজের নামে নালিস কর এইক্ষণে ঐ জাহাজ আটক আছে অতএব দাওয়ার কোন নিষ্পত্তি না হইলে জাহাজ মুক্ত হইতে পারিবে না।

অবগম হইল যে শ্রীযুত কাপ্তান বেকন সাহেব শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেবের নিকটে তদ্বিষয়ে এক দরখাস্ত করিয়াছেন।

আত্মহত্যা।

ছোট আদালতের ভাষানুভাষক জে ডি সাণ্টস সাহেব স্বীয় বসতবাটীর লাগাও শূন্য একটা বাটীতে গিয়া গত শনিবার রাত্রিযোগে উদ্বন্ধনের দ্বারা প্রাণত্যাগ করেন। কারণ স্ত্রীবিয়োগেই তিনি মৃতপ্রায় ছিলেন।

জিলা চব্বিশ পরগনার ফৌজদারী।

আলীপুর ২২ দিসেম্বর।

রামধন পোদ্দারনামক এক জন পলাতক ডাকাইত খিদিরপুরে ধৃত হইয়া বিচারার্থ অর্পিত হইয়াছে। ঐ ব্যক্তি ডাকাইতের এক দল করে ঐ দস্যুরা ১৮৩২ সালের জুলাই মাসে কএক জন তন্ত্রবায়ের বাটীতে পড়িয়া যথাসর্ব্বস্ব লুঠিয়া লয়।

যে দস্যুরা ১৮৩২ সালের আগস্ত মাসে খিদিরপুরস্থ রূপচাঁদ ঘোষনামক এক ব্যক্তির ঘরে সিঁধ দিয়া সর্ব্বস্ব লইয়া গৃহস্থের কএক জনকে আঘাতি করে তাহারদের মধ্যে আলি মহম্মদনামক ব্যক্তি বর্ত্তমান মাসের ১৩ তারিখে গ্রেফ্তার হইয়া বিচারার্থ সমর্পিত হইয়াছে।

ধনকৃষ্ণ দত্ত বংশীবদন গদাধর মহেশ রাধাকৃষ্ণ হরি পোদ্দার ঈশান দে এবং উদয়চাঁদপ্রভৃতি ভারি২ নিমক মহাজনেরা ১৮১৯ সালের ১০ আইনের ৭৭। ৭৮ ধারার হুকুম উল্লঙ্ঘন করিয়া প্রায় ১০০ মোন ভাঁজাল নিমক বিক্রয় করণসময়ে নিমকসমেত ধৃত হন তৎপ্রযুক্ত তাঁহারদের ফি মোন ১০ টাকা করিয়া জরীমানা দিতে হুকুম হইয়াছে।

রামপুর বোয়ালিয়া।

বোয়ালিয়াহইতে আগত বর্ত্তমান মাসের ২৪ তারিখের এক পত্রে লেখে যমুনা বাষ্পীয় জাহাজ ২২ দিসেম্বর তারিখে তথায় পঁহুছে এবং তৎপর দিবসে ভাগলপুর ও পাটনায় উপস্থানার্থ ২ লক্ষ টাকা লইয়া উক্ত স্থানে প্রস্থান করে আরো লেখে ঐ জিলাতে সেপ্তেম্বর মাসের শেষঅবধি বিন্দুমাত্র বৃষ্টি হয় নাই তাহাতে এই অনিষ্ট ফল জন্মিয়াছে যে ফসল প্রায় জন্মে নাই এবং তদ্দেশীয় লোকেরদের মধ্যে অত্যন্তরোগ জন্মিতেছে।

দুই জন গোয়েন্দা।

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবে

*The American Ship Hindoo.*

An American ship, the *Hindoo*, Captain Bacon, now in this port, has been seized, and is now, we understand, under seizure, under the following circumstances:—Two sailors shipped themselves as Americans on board at New York, and signed articles for the outward and return voyage. One of them was found, on more than one occasion, we believe three times, *asleep at the wheel!* Captain Bacon caused the man to be flogged. On arriving in port, the man quitted the ship, made an affidavit that he is an Englishman, and broke his articles, by refusing to work. The Judge, upon Captain Bacon's refusing to pay the man his wages, permitted him to libel the ship, and she is now detained, and cannot proceed on her voyage, until this claim be settled.

Captain Bacon has, we understand, presented a petition to Lord Auckland. —*Hurk.*

*Suicide.*

Mr. J. D'Santos, Interpreter of the Court of Requests, hung himself on Saturday night, in an empty house adjoining his dwelling. His spirits had been depressed by the loss of his wife. —*Cal. Cour.*

*Zillah 24-Pergunnahs—Fouzdarree, Allipore, 22d December.*

Ramdhone Futtadhur, a runaway dacoit, captured at Kidderpore, was committed for trial this day. He formed part of a gang, who in July, 1832, had attacked and plundered a number of weavers.

Ally Mohammed was apprehended on the 13th instant, and committed for trial, having been one of a gang of dacoits who, in August, 1832, had broken through the premises of Roop Chand Ghose at Kidderpore, plundered his house, and wounded several of the domestics and inmates.

Dhun Kissen Dutt, Bungshe Budden, Gudadhur, Muhesh, Radhakissen, Hurry Futtadhur, Isser Dey and Oodoy Chunder, extensive Salt venders, were sentenced to pay 10 rupees per maund, for having been seized whilst selling adulterated salt; about one hundred maunds, being found with them, contrary to Sect. 77 and 78, of Regulation X. of 1819.

*Bauleah.*

A letter from Bauleah, of the 24th instant says, that the *Jumna* Steamer had arrived there on the 22d of December and started the next day, taking two lakhs of Rupees for Bhaugulpore and Patna. Not a drop of rain had fallen in the district since the end of September, the consequence of which was a partial failure of the crops and great sickness among the natives.

*The two Swindlers.*

Our readers may remember, that some

যে কিয়ৎকাল হইল রুসীয় গবর্ণমেণ্টের গোয়েন্দা অনুমান করিয়া শ্রীযুত মেজর আলবিস সাহেব দুই ব্যক্তিকে জয়পুরে গেস্তার করিয়াছিলেন তৎপরে অবগত হওয়া গেল যে ঐ দুই ব্যক্তি চোর অনেক টাকা হাত মারিয়াছে এইক্ষণে শুনা গেল ঐ অপরাধের তজবীজ হওনার্থ তাহারদিগকে কলিকাতায় পাঠাইতে হইবে। তাহারদের এক জন ওয়াকর রসক কোনির ৬০০০টাকা চুরীকরণপ্রযুক্ত কলিকাতার শ্রীযুত চীফ মাজিস্ত্রেট সাহেবের পরবানাতে এবং দ্বিতীয় ব্যক্তি আগ্রার শ্রীল শ্রীযুত বর্ত্তমান গবর্নরের পরবানাতে ধৃত হয়।

সর ফ্রেদৃক আদম সাহেব।

কথিত আছে যে মান্দ্রাজের গবর্নর শ্রীযুত সর ফ্রেদৃক আদম সাহেব হিউলিণ্ডি বাষ্পীয় জাহাজারোহণে বিলাত গমনার্থ নিশ্চয় করিয়াছেন এবং অত্যল্প দিবসের মধ্যে মিসর দেশদিয়া বোম্বাইহইতে ইঙ্গলণ্ড দেশে পঁহুছিবেন।

ফতেগড়।

কথিত আছে গঙ্গাতীরস্থ তাবদ্দেশে বর্ত্তমান সময়ের তাবৎ ফসলই বিনষ্ট হইয়াছে। তৎপ্রযুক্ত টাকায় ১৬ সের করিয়া গোম বিক্রয় হইতেছে।

ঠগ।

সংপ্রতি দক্ষিণ দেশে বঙ্গলূরের সন্নিহিত এক গ্রামে এক দল ঠগ ধৃত হইয়াছে। তাহারদের মধ্যে স্ত্রী পুরুষ বালক বালিকা সাধারণ সর্ব্বসুদ্ধ ১৮ জন আছে। বোধ হয় ঐ দলের অধিকাংশ লোকের নিশ্চয় দোষের প্রমাণ প্রাপ্ত হওয়া যাইবে। এবং যে এক অতিপ্রসিদ্ধ স্ত্রী ঠগকে গবর্ণমেণ্ট বহুকালাবধি বহুতর চেষ্টা করিয়া ধরিতে পারেন নাই তাহাকেও ঐ দলের মধ্যে ধরা গিয়াছে।

বিকানীর।

১২ দিসেম্বর তারিখে বিকানীরের শ্রীলশ্রীযুত রাজা আগ্রা শহরে উত্তরণেতে সেলামী তোপ হইল। তাজ ও কিল্লার মধ্যস্থ বালুকাময় এক তটে শ্রীলশ্রীযুত শিবির স্থাপন করিয়াছিলেন। তাঁহার সমভিব্যাহারে পাঁচ হাজার লোক আছে এইক্ষণে তাহারদের আহারীয় দ্রব্যের সরবরাহ কোম্পানির খরচে করা যাইতেছে। ১৫ তারিখের পূর্ব্বাহ্নে শ্রীযুক্ত রাজাকে ঐ আড্ডার সৈন্যেরদের পরীক্ষা দর্শান গেল। ১৩ তারিখে তিনি শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবের সহিত সাক্ষাৎ করেন এবং গয়াতীর্থে রাজার গমনার্থ ১৬ তারিখ নির্দ্দিষ্ট হইয়া তৈনাতির নিমিত্ত শ্রীযুত কাপ্তান হানকিন্সন সাহেবের অধীনে এক দল ইঙ্গলণ্ডীয় সৈন্যও সমভিব্যাহারে গমন করিতেছে।

শ্যাম দেশে শ্বেত হস্তী।

বোধ হয় পাঠক মহাশয়েরা অবগত থাকিতে পারেন যে শ্যাম ও ব্রহ্মদেশীয় অধিকারে অতিসমাদরপূর্ব্বক শ্বেত হস্তী প্রতিপালিত হইয়া থাকে। শ্যাম দেশ হইতে আগত এক পত্রে লেখে যে তত্রস্থ রাজার এক শ্বেত হস্তিনী সংপ্রতি পীড়িতা হওয়াতে তদ্দেশের তাবৎ কার্য্য বন্দ হইয়াছিল এবং শ্রীযুত রাজা দরবারের কোন রাজকীয় লোকের সঙ্গে সাক্ষাৎ করেন নাই ঐ রাজ্যের প্রধান মন্ত্রিগণ ও সরকারের অন্যান্য কর্ম্মকারকেরদের দিবা রাত্রি তথায় উপস্থিত থাকিতে হইয়াছিল তাঁহারা রাত্রিতে নিজ বাটীতে একবারো যাইতে পারিতেন না হস্তিনীর সম্মুখেই ভোজনাদি করিতে হইত। এবং শ্রীযুত রাজা স্বয়ং প্রতিদিবস দুইবার তথায় আ... করিয়া স্বহস্তে হস্তিনীকে আহারা...য়া বিনীতিপূর্ব্বক কহিতেন যে আপ...আমাকে ত্যাগ করিবেন না আমার রাজলক্ষ্মীরূপ থাকিয়া দেশের রাজত্ব করাউন। কথিত আছে এতদ্রূপ অনুনয় বিনয় করিতে২ শ্রীযুতের অশ্রুপাতও হইত। পুরোহিতাদি অমাত্যেরা হস্তিনীকে বেষ্টনকরত সদা প্রার্থনা করিতেন তাঁহারদের এক দল শ্রান্ত হইলে অন্য দল তৎক্ষণাৎ নিকটাগত হইয়া প্রস্তাব আরম্ভ করিতেন। তাহাতে যে গোল হইত তৎপ্রযুক্ত স্বস্থ হস্তিরও অস্বাস্থ্য জন্মিতে পারে।

পারস দেশ।

তেহরানহইতে আগত ১৮৩৬ সালের ১৫ অক্তোবর তারিখের পত্রে লেখে যে পারস দেশের শ্রীলশ্রীযুত বাদশাহ বহুতর সৈন্য সংগ্রহ করিয়াছেন তন্মধ্যে ২৫,০০০ সুশিক্ষিত সৈন্য ও ৩৫,০০০ অশ্বারোহী এবং নানাবিধ ছোট বড় প্রায় ১০০ তোপ আছে। কিন্তু অতিবাহুল্যপ্রযুক্ত সৈন্যেরা স্থানে২ ছিন্নভিন্ন হইতেছে যেহেতুক তাহারদের আহারাদির তাবৎ দ্রব্য যোগাইবার কোন বন্দোবস্ত করা যায় নাই অতএব আস্তরাবাদহইতে হিরাটপর্য্যন্ত তিন শত ক্রোশেরো অধিক যেং জিলাদিয়া সৈন্যেরা যাইবে তত্তৎস্থানহইতেই খাদ্যাদি প্রাপণের প্রত্যাশার উপর নির্ভর করিতে হইবে কিন্তু এতদ্রূপ উপায়ে অধিকতর সৈন্যের আহারাদি যোগান দুঃসাধ্য এই প্রযুক্ত এই বৎসরে হিরাটের প্রতি যুদ্ধযাত্রাকরণ সর্ব্বতোভাবেই অশক্য বোধ হইতেছে। তর্কমানেরাও ৫০ হাজার অশ্বারোহির দ্বারা পথিমধ্যে ঐ সৈন্যেরদের অনেক ব্যাঘাত জন্মাইবে। ইহাতে দৃষ্ট হইতেছে বর্ত্তমান বৎসরে হিরাটের ব্যাপার নিঃশঙ্কই থাকিবে এইনিমিত্ত অনুভব হয় যে শ্রীযুত বাদশাহ অপমানিত হইয়া পরাঙ্মুখ হইবেন তাহাতে ঐ যুদ্ধযাত্রার পরামর্শক রুসীয়েরদের সম্ভ্রমের অতিলাঘব হইতে পারে। ফলতঃ পত্রপ্রেরক লেখেন যে সকল মন্ত্রিরা রুসীয়েরদের উৎকোচলোভে এই যুক্তিহীন যুদ্ধে রাজাকে প্রবর্ত্ত করিয়াছেন তাঁহারদের প্রাণদণ্ডের সম্ভাবনা।

অধিকন্তু তদ্দেশের রাজস্ববিষয়ে এমত গোল আছে যে এই বৎসরেই যদি হিরাট অধিকৃত না হয় তবে আগামি বৎসরে ঐ যুদ্ধে প্রবৃত্ত হওয়া নিতান্ত অসাধ্য বোধ হইতেছে।

শ্রীযুত সর হেনরি বেথিউম সাহেব পারসদেশীয় সৈন্যাধ্যক্ষতা পদ পুনর্ধারণকরণেতে কর্ণল শ্রীযুত পাশমোর সাহেবের তদ্দেশহইতে ভারতবর্ষে আগমনের সম্ভাবনা আছে।

time ago two individuals were apprehended at Jeypore by Major Alves, who were supposed to be spies of the Russian Government; but it has since been discovered that they are two rogues who have defrauded many of their money. We now learn that they are both to be forwarded to Calcutta for trial; the one under a warrant from the Chief Magistrate of Calcutta for having defrauded Walker, Roussac and Co. of 6000 Rs. the other under the authority of the Lieutenant Governor of Agra.

*Sir Frederick Adam.*

It is said, that Sir Frederick Adam, the Governor of Madras, has taken his passage to England, by the Steamer *Hugh Lindsay*, and will shortly take his departure from Bombay by way of Egypt.

*Futtyghur.*

It is stated that all along the banks of the Ganges the present crop had entirely failed, in consequence of which wheat is selling at 16 seers the Rupee.

*Thugs.*

A gang of Thugs has just been seized in the Deccan at a village near Bangalore. It consists of 18 individuals, men, women and children, and it is supposed that positive proof will be produced against the great majority of them. In this gang has been discovered the celebrated female Thug who has so long eluded the vigilance of Government.

*Bekaneer.*

The Bekaneer Rajah arrived at Agra on the 12th December under a salute from the Fort. His Highness had pitched his encampments on a sand bank between the Taj and the Fort, and he is accompanied by a large mob of 5000 people, whose food is at present supplied by the Company. The troops at the station were reviewed before him on the morning of the 15th. On the 13th he had an audience with Sir Charles Metcalfe, and his departure for Guya was fixed for the 16th. A party of English troops, commanded by Captain Hawkins, accompanies His Highness.

*White Elephants in Siam.*

Our readers are possibly aware that white elephants are held in the highest possible veneration in Siam as well as in the Burmese territories. A letter just received from Siam states, that a female white elephant belonging to the king had just fallen ill, in consequence of which all the business of the country was put a stop to. The king gave no audiences to any one, and all the princes, ministers of state, and other officers of Government, were obliged to be in attendance night and day. They were not even allowed to return home at night, but were obliged to take refreshments in the presence of the elephant. The king himself paid his respects to her twice a day, offered her food in his own hand, and begged her not to leave him, but to remain and govern the country with him. His Majesty is said even to have shed tears upon this occasion. The priests surrounded the elephant and prayed continually; as soon as one party was tired, others immediately begun, and the noise which they made was enough to make even a healthy elephant ill.

*Persia.*

A letter from Tehran, dated the 15th October, 1836, states, that the Shah had assembled a very powerful army consisting of about 25,000 regulars, 35,000 horse, and nearly 100 guns of different calibre; but from its magnitude it was already beginning to fall to pieces. No arrangement had been made for the Commissariat, and the troops therefore in marching from Astrabad to Heerat, a distance of more than 600 miles, would have been obliged to depend on provisions from the districts through which they would have to pass; but as it was impossible to subsist so large an army by such means, it was deemed utterly impossible that the expedition could proceed to Heerat this year. But independently of this, the Turkomans would harass the troops on their march with 50,000 horse: and Heerat therefore appears to be safe for the present year. It is therefore anticipated that the Shah will return with disgrace, which will tend not a little to shake the credit of the Russians. The writer indeed says, that the king may be expected to strangle the ministers who, bribed by Russia, had urged him to undertake this wild expedition.

The finances of the country moreover are in such disorder, that if Heerat is not taken this year, it seems utterly impossible to undertake an expedition next year.

Sir Henry Bethune having assumed the command of the troops in Persia, Col. Pasmore will leave the country and possibly return to India.

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

পত্রপ্রেরক হইতে।

হিন্দু কালেজের প্রথম শ্রেণীর ছাত্রেরদের পরীক্ষারম্ভ হইয়াছে এবং গত সপ্তাহে দুই দিবসের দশ ঘন্টাঅবধি পাঁচ ঘন্টাপর্য্যন্ত শ্রীযুত সেক্সপিয়র সাহেব দ্বিতীয় শ্রেণীর ছাত্রবর্গকে কেবল সেক্সপিয়র কৃতকাব্য পুস্তকের নানা বিষয় জিজ্ঞাসা করিয়াছেন ঐ সাহেব যে এই প্রকার পরীক্ষা লইয়াছেন ইহাতে আমরা অত্যন্ত আহ্লাদিত হইয়াছি যেহেতু এই প্রকার মনোযোগ পরিশ্রমপূর্ব্বক পরীক্ষা না করিলে বালকেরা এক বৎসরে কিরূপ শিক্ষা করিয়াছেন তাহার পরীক্ষা হয় না আরো শুনা যাইতেছে শ্রীযুত মেকালি সাহেব কল্য কবিতাদি বিষয়ে প্রথম শ্রেণীস্থ ছাত্রবর্গের পরীক্ষা লইলেন এতদ্দেশীয় লোকেরদের বিদ্যানুশীলন বিষয়ে যাঁহারদিগের অনুরাগ আছে হিন্দুকালেজের বিদ্যার্থিরা কিপর্য্যন্ত বিদ্যাভ্যাস করিয়াছেন তাঁহারদিগের এবিষয় জানিবার এই সুসময় বটে এবং আমরা এস্থলে আহ্লাদপূর্ব্বক আরো বলিতেছি বঙ্গভাষাতে ইঙ্গরেজীর অনুবাদ করণবিষয়ে ঐ সকল ছাত্রেরা এবৎসর পূর্ব্বাপেক্ষা অধিক মনোযোগ করিয়াছিলেন।—জ্ঞানান্বেষণ।

## Spirit of the Native Papers.

*(From a Correspondent.)*

The examination of the Senior Department of the Hindoo College has commenced. The 2d class was called up before the Honourable Mr. Shakespear during the past week, and it occupied him two days from 10 to 5 to examine the pupils in Shakespear alone. We are glad of this circumstance; because it is by such attention and trouble that the extent of improvement made in the course of a year, can be rightly ascertained. The Honourable Mr. Macaulay yesterday took the reading of the 1st class; and we need scarcely say, that this offers a fair opportunity to those gentlemen who take an interest in native education, for knowing the progress made by the boys of the Hindoo College. We are happy to add that much attention has this year been paid to the examination of the Bengalee translations of the students.—*Gyan.*

হুগলির ও বীরভূমের কারাগার।

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

জ্ঞানান্বেষণের সংপ্রতিকার এক সংখ্যার কাগজে আপনি লিখিয়াছেন গবর্ণমেণ্টের বঙ্গদেশীয় কারাগার সকল অত্যন্ত অপরি‸ত এবং অতিকুৎসিতরূপে গঠিত হইয়াছে আর ঐ সকল কারাগারস্থ কয়েদিরাও বিশেষরূপ শাসনে থাকে না এ বিষয়ে আপনি যাহা বলিয়াছেন অনেক স্থলে যথার্থই এইরূপ বটে কিন্তু যে সকল কারাগারের প্রতি মাজিস্ত্রেট সাহেবদিগের বিশেষ মনোযোগ আছে যে সকল কারাগার অপরিষ্কৃত থাকে না এবং তথাকার কয়েদিরাও বিবেচনাপূর্ব্বক ভালরূপে খোরাকি পায়।

আমি হুগলির কারাগারে যথার্থই এইরূপ দেখিয়াছি ঐ কারাগার অপরিষ্কৃত নহে এবং কয়েদিরাও বিলক্ষণ শাসনে থাকে আর তাহারদিগের খোরাকি বিতরণ আমি যেপর্য্যন্ত দেখিয়াছি তাহাতে আশ্চর্য্য জ্ঞান হইয়াছে অন্যান্য কারাগারে কয়েদির খোরাকির বিষয়ে কারাগারের দারোগাপ্রভৃতি কয়েদিকে ক্লেশ দেয় কিন্তু হুগলির কারাগারে তাহা করিতে পারে না অন্যত্র কয়েদির খোরাকিস্বরূপে টাকা দেওয়া যায় অতএব ঐ টাকা যাহারদিগের হস্তে পড়ে তাহারা যো পাইয়া কতক রাখে এবং কয়েদিরাও তাহার কিঞ্চিৎ রাখিয়া গাঞ্জা মদ কিনিয়া খাইতে পারে কিন্তু হুগলিতে সেরূপ হইতে পারে না যেহেতুক সেখানে খোরাকি টাকা না দিয়া তাহারদের খাদ্য দ্রব্যাদি দিয়া থাকে শ্রীযুত সামিউল সাহেবের সময়অবধি কয়েদির খোরাকি দিবার নিমিত্ত এক লোক নিযুক্ত আছে ঐ ব্যক্তি কারাগারের লোক সংখ্যা প্রতিদিন সাহেবকে জ্ঞাত করে এবং কারাগারাধ্যক্ষের সাক্ষাতে প্রতি কয়েদির খাদ্যতণ্ডুলাদি স্বতন্ত্রং পাত্রে করিয়া দেয় পরে কারাগারাধ্যক্ষ ঐ পাত্রসকল এক গৃহে শ্রেণীপূর্ব্বক রাখে এবং কয়েদিরা কর্ম্ম করিয়া আসিলে প্রতি ব্যক্তির হস্তে একং পাত্র গণিয়া দেয় এইরূপে কয়েদিরা খোরাকি নিয়া স্বং পাকস্থানে রন্ধন করিয়া খায়।

বীরভূমের কারাগারোও প্রায় সকল এইরূপ কিন্তু সেখানে কয়েদি সকলকে যে প্রকার কর্ম্মকরাইয়া থাকেন আমি তাহা ভাল জ্ঞান করি ঐ স্থানের নিয়ম এই যে কয়েদির মধ্যে যে ব্যক্তি শিশুকালাবধি যে কর্ম্ম শিক্ষা করিয়াছে তাহাকে সেই কর্ম্মে নিযুক্ত রাখেন সম্পাদক মহাশয় আমি সকল স্থানের কথা নিশ্চয় জানি না অতএব এদেশের কারাগারে আমেরিকার কারাগারসম্পর্কীয় নিয়ম সকল প্রবিষ্ট হইয়াছে কি না তাহা বলিতে পারিলাম না এবং আমার বোধ হয় মফঃসলের মাজিস্ত্রেট সাহেবেরাও সকল প্রকারে উত্তমতা বিষয়ে বিশেষ মনোযোগ করেন না অতএব প্রার্থনা করি বীরভূমেতে যে কিঞ্চিৎ সুধারা হইয়াছে অবিলম্বে সর্ব্বত্র এইরূপ করেন।—জ্ঞানান্বেষণ।

---

বর্দ্ধমানে অল্পকাল বাসপ্রযুক্ত বহীতে যাহা লুকিয়া রাখা গিয়াছিল তাহার কিয়ৎ।

রেবিনিউ ও দওরাসম্পর্কীয় কমিস্যনর সাহেবের আগমনেতে তাঁহার অধীন মাজিস্ত্রেট ও কালেকটর সাহেবদিগের আমলারা এবং ঐ সাহেবদিগের অধীন কর্ম্মকারকেরা অত্যন্ত ভীত হন আর দারোগারা এই সময়ে অন্যান্য বিষয়ে সাবধান হইয়া রাস্তা শহর পরিষ্কার করাইতে আরম্ভ করে এবং কালেকটর সাহেবের সিরিস্তায় কাগজ সারিয়া রাখিবার অথবা দেখাইবার নিমিত্ত কিপর্য্যন্ত পরিশ্রম হইয়া থাকে তাহা বলা যায় না এইকালে বোধ হয় পারস্য সিরিস্তার সিরিস্তাদার যেন লোকের নিকট বলিদানার্থ সাজিয়া যাইতেছেন কমিস্যনরের আগমনে আমলারদের হর্ষ বিষাদ দুই আছে যেহেতু আপনারদিগের সাহেবলোকেরদের কর্ম্মেতে উৎসাহ দেখিয়া আহ্লাদ বোধ করেন এবং আপনারদিগের ক্লেশেতে বিষাদি হন বিশেষতঃ সিরিস্তাদারের যে সকল ভুল থাকে তাহা সংশোধন হওয়াতে আরো আহ্লাদ হয়।

এই জিলাতে কমিস্যনর সাহেবের আগমনে যে সকল ঘটনা হইয়াছিল তাহা লিখিয়া রাখিয়াছি এই জিলাতে ঐ সাহেবের সংপ্রতিকার আগমনে আমলারা ও দুই জন সাহেব প্রথমত ভীত ছিলেন না কিন্তু পরে এক বিষয় উপস্থিত হইবাতে মহাভীত হইলেন কমিস্যনর সাহেবকে ভুলাইবার মানসে ঐ সকল লোকেরা অনেক চাতুরী করেন কিন্তু কমিস্যনর সাহেব এখানে আসিবামাত্র তাঁহার সাক্ষাতে নিষ্কর ভূমির মোকদ্দমার কাগজ এবং গবর্ণমেণ্টের পক্ষে জমীর যে সকল ডিক্রী হইয়াছে তাহা শুননি হইল তাহা শ্রবণ করিয়া কালেক্টরী মহাফেজকে সেসন জজের নিকট বিচারার্থ কারাগারে পাঠাইয়া দিলেন।

তাহার পরে বর্দ্ধমানে যে সকল কর্ম্ম হইয়াছে আমি তাহা জানি না কিন্তু আশা আছে সেইখানের পত্র আসিলে সকল জানিতে পারিব।—জ্ঞানান্বেষণ।

---

পোলীসের দারোগারা চুরি ডাকাইতির এবং মাজিস্ত্রেট সাহেবদিগের আজ্ঞাপ্রামাণিক তদারকের উপার্জনভিন্ন যে প্রকারে উপরি লাভ করেন হরকরার এক জন পত্রপ্রেরকের লেখা প্রমাণে আমরা তাহা নীচে প্রকাশ করিতেছি এবং আমারদিগের বোধ হয় মফঃসলের পোলীসের যে নূতন বন্দোবস্তের আন্দোলন হইয়াছে তাহা স্থির হইলে এই সকল মন্দ প্রকরণ দূর হইবেক।

| | | |
|---|---|---|
| দারোগার মাসিক বেতন ২৫ বৎসরে | | ৩০০ |
| প্রথম থানাতে আসিলে চৌকীদারপ্রতি | | ১ |
| দোলের পার্ব্বণি | ঐ | ঐ |
| দুর্গোৎসবে | ঐ | ঐ |
| আড়াইশত চৌকীদারপ্রতি গড়ে বৎসরে | | ৭৫০ |
| এক স্থানহইতে অন্যত্র যাইতে প্রত্যেক প্রজাপ্রতি | ১ অবধি | ৩ |
| বৎসরে এইরূপে দুই শত প্রজা প্রতি গড়ে | | ৪০০ |
| জমিদারেরদের গোমস্তা ও ক্ষুদ্রং তালুকদারেরদের ষাণ্মাসিক রিপোর্টপ্রতি অনিশ্চিত লাভে তালুক বুঝিয়া গড়ে | | ৮০০ |
| প্রথম আসিলে তালুকদারের গোমস্তা ও ক্ষুদ্রং তালুকদারের দত্ত নজর বৎসরে | | ২০০ |
| | | ২৪৫০ |

—জ্ঞানান্বেষণ।

---

বঙ্গভাষাপ্রকাশিকা সমাজের প্রস্তাবিত নিষ্কর ভূমির করগ্রহণে ভূপতির কর্ত্তব্য বিষয়ে শ্রীযুত বাবু রামলোচন ঘোষজ মহাশয় স্বমত সংস্থাপনার্থে বিবিধ যুক্তি সিদ্ধ প্রসিদ্ধ প্রচুর প্রমাণ প্রদর্শন পুরঃসর যে প্রত্যুত্তর পত্রী প্রেরিতা করিয়াছেন তাহা অবিকল প্রকাশকরণে আমারদিগের অদ্যকার প্রভাকরের অর্দ্ধ ভাগ প্রদান করিলেও স্থলের সংকীর্ণতা হইতে পারে। তথাচ তাহার সমষ্টিকাংশের সার মর্ম্ম সংক্ষেপে সঙ্কলনপূর্ব্বক উদিত না করিয়া

*To the Editor of the Gyanuneshun.*

Sir,—You remarked, I remember, in a late No. of your paper, that the jails of Bengal are in general very dirty and ill-constructed, and the inmates kept under no sort of discipline. To say the truth, your statement is partly tolerably correct. But in some districts, where the magistrates are vigilant, the jails are kept very clean, and the system of dieting that is pursued very ingenious and excellent.

The jail of Hooghly, which I have visited, is an instance of the kind. I can speak as to its cleanliness, and the general state of subordination in which the prisoners are kept. The system of dieting which obtains here, is singular as far as I know, and most admirably calculated for the purpose of preventing in a great measure all sorts of oppression which are practised by the jailer. It is the practice in other jails to deliver the amount allowed to each prisoner for his diet in money. This system gives an opportunity to the Darogah or other officer entrusted with the payment of diet allowance to deduct a part of the same, and moreover enables the prisoner, should he be so inclined, to make savings to be laid out in the purchase of any narcotic or other intoxicating indulgence for which he may have a predilection. A payment in food, however, prevents the above mentioned abuses. In the Hooghly jail since Mr. Samuell's time a return is made to the jail purveyor daily of the number of prisoners in the jail, and he measures out, on separate pieces of leaf, the provisions which each prisoner is allowed, in the presence of an officer deputed for the purpose. The meal is then carried into the prison, and placed regularly into a large room, from whence when the prisoners return from their day's work, they are allowed to take a leaf-full one by one, being admitted through a wicket. Then each prisoner cooks his own victuals himself separately and in silence, and having done so takes it by himself.

A mode not exactly of this strict sort prevails in the jail of Beerbhoom. But one thing which I like most in the discipline of this jail is the labour of manufacture which the prisoner is obliged to undergo according to the profession in which he might have been brought up. I am not certain and therefore cannot state whether any of the great many improvements which have been introduced into the prisons of America, have been here introduced. I have my doubts on this point, as I do not believe that the mofussil Magistrates are very liberal in their notions of reform. It is highly desirable, however, that even the little step towards real improvement made in the Beerbhoom jail, should be imitated in the other districts of the country.

---

*Extracts from a Scrap Book written during a short residence at Burdwan.*

"The approach of a Commissioner of Revenue and Circuit is beheld with a great deal of fear and apprehension by the Amlah of a subordinate Collector and Magistrate and the various grades of public officers serving respectively under them. The Darogahs take care that the public roads are mended, the town put in order and other precautions taken as regards every thing into which enquiry may be made. The labour taken to put the office of a Collector in a *dorust* state, or rather to make it appear so, can easily be conceived when it is told that the heads of the Persian Department consider themselves as preparing for sacrifice.

"To the people at large, however, a Commissioner's or as they call him the Darshaheb's arrival is matter for mingled joy and sorrow. While they rejoice to see the head Revenue and Judicial authority of the district come to their own doors to distribute justice, they cannot but augur misfortunes to themselves from some of his stern decisions. They are, however, pleased at the opportunity for the correction of accumulated wrongs committed at the abetting and with the connivance of the Sheristadar and other Court Amlahs.

"I here record the result of the Commissioner's recent visit to this station.

"The result of this visit was not at first alarming enough to the Amlah. But it soon led to further enquiries which elicited an important discovery. The two Mahafizes began to tremble for themselves. Their arts could not elude their superior's vigilance. The papers relative to several Lakhraj cases and Government Decrees unexecuted, were fished up and brought to light, and the record-keepers incarcerated in jail to take their trial before the Session Judge of the district."

What has since been done I am not aware, but hope to learn from the next arrival of letters from the district.—*Gyan.*

---

A correspondent of the *Hurkaru* states the following as the fees exacted with little variation by the best darogahs, independent of the gains arising from accidental occurrences, such as marauding expeditions after thieves and dacoits, conducting enquiries ordered by the magistrate, &c. &c. We trust that the enquiry now making with respect to the re-organization of the Mofussil Police will lead to the correction of these monstrous evils:

| | |
|---|---|
| Darogah's salary, 25 per month, ... | 300 |
| Poll tax levied from the village chowkeedars, one rupee from each chowkeedar, when the darogah first takes charge of office, one rupee at the Hooley, and one rupee at the Doorgah Poojah; 3 rupees per man on an average of 250 chowkeedars, ... | 75 |
| A fee of from one to three rupees for assistance in removing a ryut from one illakah to another. This varies but cannot be taken at less than 200 removals, at 2 each, ... | 400 |
| Nuzzur from petty talookdars and from the gomastahs of zumindars on presenting their half yearly papers and returns. This also varies as the jurisdiction may be made up of many small talooks or of several extensive purgunahs, but in the part of the country from which I write seems to average rather above, ... | 800 |
| Nuzzurs from talookdars and gomastahs on first visiting the new darogah, ... | 200 |
| | 2,450 |

—*Gyan.*

---

The reply of Baboo Ramlochun Ghose on the subject of the propriety of resuming rent-free land which has been debated in the Bungo-bhasa Prukashika Society in which the Baboo, with the view of supporting his own opinion, has brought forward a variety of strong proofs and arguments, we have even at the risk of occupying half our paper, published in our journal of this day. Instead of extracting the pith of his whol

সমুদয় উদয় করত হর্ষপূর্ব্বক যৎকিঞ্চিৎ লিখিতেছি। রামলোচন বাবু অতিসচ্চরিত্র কর্ম্মক্ষম বিচক্ষণ বহুকালাবধি সরকার সংক্রান্ত সম্ভ্রান্ত কার্য্যে মান্যরূপে নিযুক্তপ্রযুক্ত সর্ব্বত্রই বিশেষ প্রশংসা প্রাপ্ত হইতেছেন এবং আমরা অবশ্যই অন্তঃকরণের সহিত স্বীকার করি যে ঘোষজ বাবু সর্ব্ববিষয়েই বিজ্ঞ এবং অপক্ষপাতী কিন্তু এইক্ষণে এতদ্বিষয়োপলক্ষে গবর্ণমেন্টের পক্ষাবলম্বনে তাঁহার পক্ষপাতিত্ব বিলক্ষণ সপ্রমাণ হইল যেহেতু তিনি ভূপালের অধীন এতন্নিমিত্ত নিষ্কর ভূমির কর গ্রহণকে অন্যায় জানিয়াও ভয় মৈত্রতায় তন্মত স্থির রাখণে অনেক যুক্তিযুক্ত কারণ দর্শাইয়াছেন যাহা হউক ইহাতে আমরা ঘোষজ বাবুকে কদাচ দুষ্য করিতে পারি না কেন না প্রতিপালকের বিরুদ্ধ বক্তৃতায় পাপের সম্ভাবনা।

রামলোচন বাবু লিখেন যে অন্য২রূপে মাসুলাদি গ্রহণের প্রথা বর্জ্জনীয় হইয়াছে নিষ্কর ভূমির কর গ্রহণ ভিন্ন অন্য কি সদুপায় পূর্ব্বক বিহিত ব্যয়ের সঙ্কলন হইয়া অস্মদাদির দেশ ঋণহইতে মুক্ত হইতে পারে।

উত্তর। আমরা অনুমান করি যে বিশেষ লাভের অভাব অথবা অপর কোন নিগূঢ হেতু বশতঃ এদেশে মাসুলাদির বিষয় ভূপতিকর্ত্তৃক রহিত হইয়া থাকিবেক। অতএব তদ্দ্বারা রাজ্যের ঋণ পরিশোধের সম্ভাবনা কদাচ ছিল না। জাহাজি দ্রব্যের পরমিটে অধিক লভ্য জানিয়া তাহারি প্রবলতা করিতেছেন এবং সংপূর্ণরূপে মাসুলাদির প্রথা বর্জ্জনীয় কিরূপে হইয়াছে যেহেতু লবণ ও বাটী এবং ইষ্টাম্পপ্রভৃতির মাসুল অদ্যাপিও প্রজাদিগের বক্ষে শূলের স্বরূপ রহিয়াছে ইহাতে কি লোচন বাবু একবারো লোচন বিস্তার করেন নাই পরন্তু আমরা জিজ্ঞাসা করি যে এতদ্দেশের উৎপন্ন হইতে ইউরোপীয় পাদ্রি সাহেবেরা বৎসরে ১০।১২ লক্ষ টাকা কি নিমিত্ত প্রাপ্ত হন তাহাতে আমারদিগের কি উপকার হইতে পারে ইহার বিনিয়মে সেই টাকা দেশের কোন হিতজনক কর্ম্মে কিম্বা রাজার ঋণ পরিশোধে ব্যয় করিলে অনেক ভাল হইতে পারে যদি নৃপতির ধর্ম্মশাসক বলিয়া এদেশের উপস্বত্ব হইতে পাদ্রিদিগের বেতন দেওয়া শ্রেয় হয় তবে আমারদিগের ধর্ম্মোপদেশকসমূহের অশনবসনার্থে প্রাচীন নৃপতিদিগেরকর্ত্তৃক চিরোপকারস্বরূপ প্রদত্ত নিষ্কর ভূমির কর নির্দ্ধারিত কিরূপে ধার্য্য হইতে পারে।

অপিচ হিন্দু ও মহম্মদিয়ান এবং ইংরেজী ব্যবস্থা পুস্তকে এমত লিখিত আছে যে ২০ বৎসরের অধিককাল হইলে স্থাবরাদি বিভবের অধিকারিরা কদাচ আপন অধিকারীয় স্বত্বে বর্জ্জিত হইতে পারেন না অতএব এইক্ষণে পুরুষানুক্রমে প্রামাণিক অধিকারিরা আপন যথার্থ বিষয়ে বঞ্চিত হন যদি তদ্বিষয়ে বিশেষ প্রমাণ পত্রের প্রত্যাশা করেন তবে তাহা কি প্রকারে সম্ভবে কেন না এদেশে অনেক বার অনেক রাজবিদ্রোহি দ্বারা এবং বহুকাল গত জন্য অন্য২ কারণে সে নিদর্শন পত্রসকল নষ্ট হইয়াছে অতএব বহুকাল অধিকারই তাহার প্রবল প্রমাণ জানিবেন।

দ্বিতীয় প্রকরণে বেতন কর্ত্তনের বিষয় যাহা লিখিয়াছেন তাহা এবিষয়ে লক্ষ্য করিলে অনেক আগুন উঠিবে।

তৃতীয় প্রকরণে লেখেন যে কোন ব্যক্তি বিশেষ বলবৎ স্বত্বব্যতীত নিষ্কররূপে ভূমির উপস্বত্বাদি ভোগ করায় স্বত্বাধিকারী নহেন উত্তর। নিষ্কর ভূমির উপস্বত্বাদির বলবৎ স্বত্বের শব্দার্থ বোধে আমরা অশক্ত হইলাম অতএব তাহা স্পষ্টরূপে লিখিয়া বাধিত করিবেন।

argument, we have, with very great pleasure, published the whole of it, and now proceed to offer a few remarks on it. Baboo Ramlochun Ghose is an able, virtuous, and wise man, and has for many years honourably sustained the most respectable offices under Government, in which he has acquired great credit; and we acknowledge, with our whole heart that he is in every respect well informed and impartial; but in the present instance, having taken the part of Government, his partiality stands manifest. He is under the control of Government, and hence though well acquainted with the injustice of taxing rent-free land has, through fear and friendship, forwarded many arguments to establish the justice of the resumption. Be that as it may; we cannot blame the Baboo on this account; for to contradict those from whom we derive support is a kind of sin.

Ramlochun Baboo writes, that other modes of taxation having failed, what other legitimate mode is there for meeting the public expenditure, and delivering the Government from debt? We reply, we suppose that the relinquishment of the transit duties has arisen from the idea that little could be gained from them, or from some strong reason, and there was little prospect that the debts of the State would be paid off from that source; but the duty on sea-borne articles being more productive, the system of sea customs has been made stronger. How then can it be said that the system of duties has been relinquished, especially as the duties on salt, houses and, stamps, still continues to pierce the heart of the subjects; and yet the Baboo has not at all adverted to this subject; but we would enquire, why ten or twelve lakhs of Rupees are paid annually from the revenues of this country to the ecclesiastical establishment. What benefit do we derive from this? If instead of thus expending it, it was devoted to some beneficial object, or to the reduction of the debts it would be right. If it be said, that it is proper to pay the wages of the clergymen as being the religious ministers of Government, then why should the rent-free lands which were given as a perpetual endowment by the former Government for the maintenance of our own religious teachers, be begrudged.

Again, it is written in both the Hindoo, Mahommedan and English laws, that any one who has been possessed of lands for 20 years, cannot after that period be deprived of the enjoyment of them. Upon what proof then can those who have from time immemorial enjoyed those estates be deprived of them? If particular documentary evidence be required in this matter, upon what principle can it be demanded, because in consequence of various revolutions and the lapse of a long period and other causes, those documents have been destroyed; wherefore long possession is the strongest proof of right.

*Secondly.*—That which he has written respecting the reduction of salaries will, if carefully examined, raise a great flame.

*Thirdly.*—He writes that any individual who, without any right, has been long in the possession of lands, cannot be deemed to have acquired a right thereby. We reply, that we cannot understand what he means by talking of strong right to the revenue of rent-free lands, and we would therefore feel much obliged by his explaining the matter.

অপর লেখেন যে দেশ ও ভূমিতে সাধারণের তুল্য স্বত্ব। উত্তর পৃথিবীতে সাধারণের তুল্য স্বত্ব যথার্থ বটে কিন্তু সে ভৌতিক লক্ষণে পঞ্চতত্ত্বের প্রভেদ প্রকরণ সামান্য স্থাবর বিষয়ে অধিকার এবং ফলের অনেক তারতম্য আছে।

চতুর্থ প্রকরণে ইং ১৭৬৫ সালের পূর্ব্বে দত্ত নিষ্কর ভূমির উপলক্ষে দিল্লীর বাদশাহের নিকট ইষ্টইণ্ডিয়া কোম্পানির দেওয়ানী প্রাপণে সন্ধিপত্রের বিষয় যাহা লেখেন তাহার উত্তর নিরুত্তরই সদুত্তর কেন না দিল্লীর রাজা এবং মুরশিদাবাদের নবাবের সহিত সন্ধিপত্রের অঙ্গীকার বিষয়ে পরিশেষ গবর্ণমেন্ট যেরূপ ব্যবহার করিলেন তাহা কি এপর্য্যন্ত বিচক্ষণগণের অবিদিত আছে এইক্ষণে করহীন স্থলের স্বীকার বিষয়ে তদ্রূপ বিলক্ষণ সত্যতা রক্ষা হইয়াছে।

অপর লেখেন যে জবনেরা বলপূর্ব্বক দস্যুর ন্যায় এদেশ আক্রমণ করিয়াছেন অতএব ঐ অপহ্নবকারিদিগের অবিহিত দান কোনরূপে সিদ্ধ থাকিতে পারে না উত্তর। জবনেরা যে বলপূর্ব্বক দস্যুর ন্যায় এদেশ অধিকার করেন এ অতিঅযুক্তি কেন না যুদ্ধকালীন বিপক্ষদমনে কোন রাজা বিক্রম ও বীরত্ব প্রকাশ না করেন অতএব তাহাকে কিরূপে দস্যুবৃত্তি বলা যাইবেক এবং তাহার সহিত দানের অসিদ্ধতার পোষকতাই বা কিরূপে হইবেক ইহাতে বোধ হয় যে ঐ বাবু বুঝি আপন মনিবের নিকট প্রতিপন্ন হওনের মানসে এরূপ সন্তোষজনক বাক্য লিখিয়া থাকিবেন।

পঞ্চম প্রকরণের অভিপ্রায় বর্ত্তমানাবস্থায় অস্মদাদির দেশীয় লোকেরা যেরূপ অসভ্য তাহাতে তাঁহারদিগের নিষ্কর ভূমির উপস্বত্ব কর্ত্তৃক অশনবসনের উপায় থাকিলে কদাচ দেশের মঙ্গলেচ্ছু হইবেন না বরং পশ্বাদির ন্যায় ইন্দ্রিয়াদির অলীক সুখে সর্ব্বদা মত্ত থাকিবেক।

উত্তর। এতদ্দেশীয়েরা কিরূপ অসভ্য গুরুপরম্পরা প্রচলিত রীতি রক্ষা করিলে কি তাহাকে অসভ্য কহিতে হইবে এবং দেশের মঙ্গলেচ্ছু তাঁহারা নহেন এমত নহে যেহেতু নিষ্কর ভোগি ব্রাহ্মণেরা প্রত্যূষে প্রত্যূষে গাত্রোত্থানপূর্ব্বক একান্তচিত্তে ভূপতির মঙ্গলেচ্ছা করিয়া থাকেন তবে আতপভোগি ব্রাহ্মণেরা যুদ্ধ বিষয়ে তীর ধনুক তলওয়ার বন্দুক ইত্যাদি ধরিয়া রাজার সহায়তা করিতে সংপূর্ণরূপে অক্ষম সুতরাং ইহাতে তাঁহারা অসভ্য হইলেও হইতে পারেন।

পরন্তু ইন্দ্রিয়াদি সুখের বিষয় যাহা লেখেন তাহা সর্ব্বসাধারণের পক্ষেই ন্যূনাধিক জানিবেন অনেক সাহেব লোকেরাও তাহাতে আচ্ছন্ন আছেন। যদি ইন্দ্রিয়েরা বশজন্য তাঁহারদের স্থাবরাদি বলপূর্ব্বক হরণ করা শ্রেয় হয় তবে এদেশের মধ্যে ধনি ও মহাজন এবং অপরাপর জমিদার মাত্রেই ইন্দ্রিয়সুখে আসক্ত অতএব তাঁহারদিগের বিভব সমুদয় বল দ্বারা হরণ করিলে ভূপতির দেনা পরিষ্কার হইয়া রাজভাণ্ডার পরিপূর্ণ থাকিতে পারিবেক এইক্ষণে রামলোচন বাবু তাঁহারদিগের সেই পরামর্শ দেউন ইহাতে ভূপালের প্রাণাপেক্ষাও প্রিয় হইতে পারিবেন এবং এতদ্ভিন্ন নৃপতির ঋণ পরিশোধের অন্য কোন উপায় দেখি না।

---

শ্রীযুত বঙ্গভাষাপ্রকাশিকাসম্পাদক মহাশয়সমীপেষু।

প্রশ্ন।

রাজকর্ত্তৃক নিষ্কর ভূমির করগ্রহণ করা উচিত কি না।

বর্ত্তমান রাজ্যেশ্বরকর্ত্তৃক যে সন ১৮১৯ সালের দ্বিতীয় তথা সন ১৮২৮ সালের তৃতীয়

He writes, moreover, that generally there is an equal right to the country and the land. [The answer which is given to this proposition, we confess, that with all the aid at our command, we have been unable to comprehend.]

*Fourthly.*—What he has written regarding the engagement entered into with the Emperor of Delhi, when the East India Company obtained the Dewannee, with regard to lands granted before 1765, the best answer will be silence. Is it unknown to well read men how Government acted with regard to the engagements they entered into with the Emperor of Delhi and the Nawaub of Moorshedabad? The same good faith is now manifested regarding the promises made touching rent-free lands.

The Baboo again observes, that the Moosulmans by force obtained possession of this country like robbers, and that hence the irregular gifts of that unjust Government ought not to be upheld. Answer; it is unreasonable to say that the Moosulmans obtained possession of this country by force like robbers; for what king is there, who, in time of war, does not exhibit power and courage to subdue his enimies. How then can they be called robbers, and how can this fact support the nullification of gifts? It would from this appear that the Baboo has written these gratifying lines in order to curry favour with his masters.

*Fifthly.*—The object of his fifth observation is, that in consequence of the present uncivilized state of the country if the natives had the means of living from the product of the rent-free lands, it would be no benefit to the country, but that, like beasts, they would be immersed in the gratification of their passions. Reply; how can the people of this country be called uncivilized; if they follow the rules which have been laid down from remote antiquity, can they be called uncivilized? Neither can they be said to be indifferent to the welfare of the country, for the bramhuns who live upon the rent-free lands, immediately on rising in the morning, daily seek the advantage of the rulers of the country with an entire heart, but the bramhuns who live upon rice are unable to assist Government in the use of arrows, guns, swords, and other weapons. On this ground only they may be called uncivilized.

But what he has said about the indulgence of the passions, may be advanced more or less concerning all. There are many Gentlemen also who thus indulge them. If it be right because individuals are under the influence of their passions, forcibly to take away their lands and property, then in this country there are many rich and great men, and many Zemindars who indulge themselves in sensual pleasures; if their property be taken away by force, not only will the debts of our ruler be discharged, but the treasury will be filled. Let Baboo Ramlochun advise Government on this head, and he would become more dear to them than their own souls. Besides this we see no other means of discharging their debts.

---

*To the Chairman of the Bungo-bhasa Prukashika Society.*

QUERY.

Is it right for Government to tax the lands which pay no revenue? In my humble opinion it does not appear unjust that Government should make exertions to recover revenue from the lands which pay

আইনানুসারে নিষ্কর ভূমির করগ্রহণার্থে মহান উদ্যোগ হইতেছে এ অকিঞ্চনের বিবেচনায় অন্যায় অবিচার বোধ হয় না যেহেতু তাবৎ রাজ্য যুক্তিসিদ্ধ চিরকালের নিয়ম এই যে দেশের উৎপন্ন দেশ রক্ষার্থ ব্যয় হইয়া থাকে অতএব আদৌ জানা কর্ত্তব্য যে অস্মদাদির রাজ্যের উপস্বত্ত্ব রাজ্য রক্ষার্থ ব্যয়ে সঙ্কলন হয় কি না যদ্যপি আমি রাজ্যের আয় ব্যয়ের সংখ্যা নিশ্চিতরূপে কহিতে অশক্ত কিন্তু সকলেই সুন্দর অবগত আছেন যে দেশরক্ষা জন্য অনেক তঙ্কা ঋণ হইয়াছে এবং দেশের উপস্বত্ত্ব হইতে ব্যয় অধিক হইতেছে এস্থলে অবশ্য প্রণিধান কর্ত্তব্য যখন অন্য২রূপে মামুলাদি গ্রহণের প্রথা বর্জ্জনীয় হইয়াছে নিষ্কর ভূমির করগ্রহণ ভিন্ন অন্য কি সদুপায়পূর্ব্বক বিহিত ব্যয়ের সঙ্কলন হইয়া অস্মদাদির দেশ ঋণহইতে মুক্ত হইতে পারে এবং ইষ্টইণ্ডিয়া কোম্পানি দেশ রক্ষার্থে পূর্ব্বে অনেক তঙ্কা নিজ হইতে ব্যয় করিয়াছেন ঐ টাকা তাঁহারদের যথার্থ প্রাপ্য তাহা কিরূপে পরিশোধ হইবেক যদি বাচ্য হয় ইঙ্গলণ্ডীয়েরা রাজকর্ম্মকারী হইয়া অধিক টাকা বেতন লইতেছেন এমতে ব্যয়ের বাহুল্য হইতেছে একথা প্রমাণ বটে কিন্তু ইহার উত্তর আমাকে অত্যন্ত ক্ষোভিত হইয়া বলিতে হইল যে যদি অস্মদাদির দেশের মনুষ্য অসভ্য এবং রাজকর্ম্মে রাজশাসনে তথা যুদ্ধ বিগ্রহে অনভিজ্ঞ না হইতেন ও পরস্পর দ্বেষমৎসরতারহিত হইয়া নিরপেক্ষ হইতেন ও আমারদিগের কর্ত্তৃক উক্ত ব্যাপারাদি যথোচিত সুচারুমতে নির্ব্বাহ হইত সুতরাং ইঙ্গলণ্ডীয়দিগকে অধিক বেতন দিয়া ব্যয় বাহুল্যকরণের প্রয়োজনাভাব ছিল।

যদি বলেন যে ইঙ্গলণ্ডীয় রাজকর্ম্মকারিদিগের বেতনের লাঘব করিলে ব্যয়ের অল্পতা হইতে পারে আমার জানিত যেপর্য্যন্ত অল্পকরণ সম্ভব তাহার উদ্যোগের ও অনুষ্ঠানের ত্রুটি দেখিতেছি না কিন্তু ইহাও বিবেচনা কর্ত্তব্য যে ঐ বিজ্ঞবরেরা বিপুলধন ব্যয়পূর্ব্বক সুশিক্ষিত হইয়া কেবল ধন লোভে মহাঘোর সমুদ্র ও দুর্গম পথ অতুল ক্লেশে উত্তীর্ণ হইয়া ভারতবর্ষে আগমনানন্তর অস্মদাদির দেশ রক্ষার্থে প্রায় অধিকাংশ ব্যক্তি যথাসাধ্য নিরপেক্ষতারূপে পরিশ্রম করেন ইহাতে তাঁহারদিগকে প্রচুর বেতন দেওয়াই বিচারসিদ্ধ নচেৎ অল্প বেতন প্রদানে নানারূপ বিপরীত মন্দাচরণের সম্ভাবনা।

আমার বোধে কোন ব্যক্তি বিশেষ বলবৎ স্বত্ত্বব্যতিরেকে নিষ্কররূপে ভূমির উপস্বত্ত্বাদি ভোগকরার স্বত্ত্বাধিকারী নহেন যেহেতু বিবেচনা করুন যে দেশের তাবৎ প্রজা রাজশাসনকর্ত্তৃক দস্যু ও তস্করাদি অন্য২ উপদ্রবে তুল্যরূপে রক্ষিত ও বিচারিত হইতেছেন তবে কি বিশেষ কারণে কাহারো স্থানে ভূমির কর গ্রহণ করা ও কাহাকে নিষ্কররূপে দেওয়া যাইবেক যুক্তিসিদ্ধ সাধারণের মঙ্গলার্থে যাঁহারা স্বোপার্জ্জিত ধন ব্যয় করিয়াছেন অথবা দেশের শুভার্থে বিশেষ সংগ্রামাদিতে যাঁহারা স্বার্থ বিহীন হওত ক্লিষ্ট হইয়াছেন এরূপব্যক্তি ভিন্ন অন্য কোন জন নিষ্কররূপে ভূমি প্রাপ্ত হওনের কদাচ যোগ্য নহে এবং কোন রাজা কোন ব্যক্তিকে উক্ত কারণবিশিষ্ট নহিলে নিষ্কররূপে ভূমি প্রদান করার ক্ষমতাপন্ন নহেন যেহেতু দেশ ও ভূমিতে সাধারণের তুল্য স্বত্ত্ব রাজা কেবল সদসদ্বিবেচনা ও বিচারের অধিকারী মাত্র।

যদি কথিত হয় যে জবনেরা যুদ্ধ বিগ্রহেতে এদেশ বলপূর্ব্বক আক্রমণ করিয়া স্বাধীনত্বরূপে তাবৎ ভূমির স্বত্ত্বাধিকারী হইয়াছিলেন অতএব তাঁহারা নিষ্কররূপে ভূমি প্রদানে অবশ্যং ক্ষমতাবিশিষ্ট হইবেন এবং ইষ্টইণ্ডিয়া কোম্পানি সন্ধিপত্রের নিয়মানুসারে দিল্লীর বাদশাহের নিকট এরাজ্যের দেওয়ানী ভার প্রাপ্ত হন তাহাতে অনেকরূপ প্রতিজ্ঞাদি আছে তদনুসারেও জবন বাদশাহের দত্ত নিষ্কর ভূমির কর গ্রহণ করা উচিত হয় না এ আপত্তি ভঞ্জনার্থে আমার নিজাভিপ্রায় বক্তব্যের পূর্ব্বে এই বলিতেছি যে বর্ত্তমান রাজকর্ম্মাধ্যক্ষ বা চলিতাইনানুসারে ইষ্টইণ্ডিয়া কোম্পানি দেওয়ানী প্রাপণের পূর্ব্বে অর্থাৎ ইং সন ১৭৬৫ সালের অগ্রে যে সকল নিষ্কর ভূমি দত্ত হইয়াছে যাহার যথার্থ নিদর্শন পত্রাদি নিঃসন্দেহরূপে প্রাপ্ত হয় তাহা কর গ্রহণ হইতে বর্জ্জিত রাখিয়াছেন ফলিতার্থ এ অকিঞ্চনের বোধে জবনেরা যে বলপূর্ব্বক দস্যুর ন্যায় এ দেশাধিকার করেন অতএব যথার্থ বিচার করিলে ঐ অপহ্নবকারিদিগের অবিহিত দান কোনরূপে সিদ্ধ থাকিতে পারে না যেমন কোন নিয়মানুসারেই দস্যুবৃত্তির ধনের দান প্রসিদ্ধ হয় না বিশেষতঃ ইষ্টইণ্ডিয়া কোম্পানি যৎকালীন দিল্লীর বাদশাহের সহিত সন্ধিপত্র করেন তখন ঐ বাদশা রাজ্যভ্রষ্ট ছিলেন অর্থাৎ স্থানেং অনেক ব্যক্তি বলপূর্ব্বক স্বাধীন হইয়াছিল ইষ্টইণ্ডিয়া কোম্পানি অগ্রপশ্চাৎ অনেক কারণ বিবেচনা করিয়া তৎকালীন রাজবিদ্রোহিদিগের ক্ষান্ত ও নিবারণার্থে এরূপ সন্ধিপত্র করেন নচেৎ ইষ্টইণ্ডিয়া কোম্পানির বুদ্ধির কৌশলে তথা চতুরতাপ্রযুক্তই এদেশ হস্তগত হয়।

বর্ত্তমানাবস্থায় অস্মদাদির দেশীয় মনুষ্যেরা যেরূপ অসভ্য ও উৎসাহ রহিত তাহাতে যদি তাঁহারদিগের নিষ্কর ভূমির উপস্বত্ত্বকর্ত্তৃক অশন বসনের উপায় হয় কদাচ তাঁহারা দেশের মঙ্গলার্থে উৎসাহী উদ্যোগী হইবেন না বরঞ্চ প্রায় অসভ্য সন্তানেরা ইন্দ্রিয়াদির অলীক সুখে সর্ব্বদা মত্ত হইয়া পশ্বাদির ন্যায় কাল যাপন করিবে তৎপ্রমাণ দেখুন যে সকল প্রাচীনধনী ও ভূম্যধিকারী এদেশেতে বিখ্যাত তাঁহারদিগের মধ্যে অতি অল্প ব্যক্তির সভ্যতা ও সুধারা দেখাইতে পারিবেন যদি বলেন যাঁহারদিগের একালপর্য্যন্ত নিষ্কর ভূমি জীবন উপায়ের কারণ ছিল এইক্ষণে তাঁহারদিগের উপজীবিকা কি হইবেক আমি অনুভব করি যে উক্ত উপায়াভাবে ঐ সকল জনেরা ধন উপার্জ্জনার্থে অধিক উৎসাহী ও পরিশ্রমী হইয়া নানাবিধ উপায়ের চেষ্টা করিবেন যে তৎকর্ত্তৃক দেশের পরস্পর শুভজনক হইবেক যদ্যপি আশঙ্কা করেন নিষ্কর ভূমি অভাবে তদ্‌ভোগি ব্যক্তিরা দস্যু বৃত্তি ইত্যাদি মন্দ কর্ম্ম করিতে পারেন তৎপ্রতিবন্ধকার্থে স্থানেং বিদ্যালয় ও পোলীসাদি রাজশাসন প্রবলরূপে চলিতেছে ও উত্তরং বাহুল্যহওনের যথেষ্ট উদ্যোগাদি হইতেছে।

যদিস্যাৎ আমি জানিতেছি যে অস্মদাদির দেশীয় প্রায় তাবৎ লোকই নিষ্কর ভূমির বিষয়ে যে আমার মতের বিপরীত কহিবেন এবং আশ্চর্য্য বোধ করি না যে আমি তাঁহারদিগের সমীপে অত্যন্ত নিন্দিত হইব কিন্তু নিরপেক্ষ ব্যক্তিরা বিবেচনা করেন যে উপরি উক্ত বিশেষ প্রবল কারণের বিরহে অন্য কি হেতুবাদে কোন ব্যক্তি নিষ্কররূপে ভূমির উপস্বত্ত্ব ভোগ করিতে পারেন।

শ্রীরামলোচন ঘোষস্য।

no tax according to Regulation II. 1819, and Reg. III. 1828, because it has been the immemorial practice among all the sovereigns of India that the revenues of the country should be applied to the administration of Government, and it is necessary therefore in the first place, to enquire, whether the revenue derived from the land is expended in the government of the country. Although I am not acquainted in detail with the receipt and expenditure of the state, yet every one must be fully aware that debts have been contracted for the preservation of the country, and that the expenditure exceeds the receipts. Here it must be remarked, that when other means of raising revenue have failed, there appeared no other means of liberating the country from debt but that of taxing the rent-free lands.

The East India Company have formerly expended much of their own money in the defence of the country, which money is justly due to them; how then can this debt be liquidated? If it should be advanced that the English functionaries receive very large salaries, and hence arises the greatness of the expenditure. This may be in some measure true, but I must say in reply to this with great caution, that if the inhabitants of the country had not been uncivilized and unacquainted with the mode of governing and defending it, if they had been free from envy and other vices, and impartial in their conduct, and if the functions of Government could have been well executed by them, there would have been no necessity for employing Englishmen in discharging these functions on high salaries.

If you say that the expenditure might be reduced by diminishing the salaries of the English functionaries, I can affirm that there has been no want of endeavour to reduce the amount of salaries as far as possible; but here it must be taken into consideration, that those exalted individuals, after having spent a great deal of money on their education, traverse the tremendous and dangerous ocean, and with much difficulty reach India, where they labour with great impartiality and diligence for the preservation of the country, and this they do with the hope of gain. It is therefore proper, that they should be well paid, else, if inefficiently paid, there is a prospect of great injury to the country.

In my opinion, no individual who enjoys the produce of land upon an unsound title, can be supposed to have a right to the land, for it must be considered that all the subjects in the country are equally protected from robbery and other evils, and equally benefited by the Courts. It is not therefore reasonable that some should contribute to it from the revenues of land, while others contribute nothing. Nor is it right that any should obtain land free of rent, except those who for the general welfare have expended their own money, or those who, without selfishness, have exerted themselves in war for the advantage of the country. And no king has a right to give lands free of rent to any other class of individuals; for there is, generally speaking, an equal right to the country and the lands, and the sovereign has merely to see that the administration is conducted with equity.

If it be said, that the Moosulmans have conquered this country by force in war, and obtained an absolute control over all the revenue, hence they had a right to give away rent-free lands, and that the East India Company obtained this country by a covenant from the Emperor of Delhi, in which covenant there were many engagements, according to which they are precluded from demanding rent from lands made rent-free by the Emperor of Delhi. Before I reply to this assertion, I must observe, that our present rulers, according to the prevailing regulations, have exempted those lands which were given rent-free before the year 1765, and of which good documentary evidence can be produced.

In my humble opinion, as the Moosulmans obtained possession of this country by force like robbers, it stands to reason that the improper gifts of those conquerors cannot be maintained, just as the gifts of any other robber cannot on any account be supported. More particularly when the East India Company formed a treaty with the Emperor of Delhi, that Emperor had been deprived of his authority; that is, many individuals had become independent by force, and the East India Company looking before and behind, on many accounts formed a treaty with the Emperor, for the suppression of those independent chiefs, and thus did the Company obtain possession of this country through their own wisdom, counsel, and abilities.

At present, considering the uncivilized state of the country, and the want of energy, if our countrymen obtain the means of subsistence from the rent of free lands, they will never be disposed to undertake any thing for the benefit of the country; rather the uncivilized youths, immersed in unlawful pleasures, will spend their time like beasts. As a proof of this I may observe, that of those ancient and wealthy families well known in the country, very few appear to be civilized. If you say, that to the present period they have been living on the rent of those lands and enquire how they will live when those rents are taken away, I suppose that when those means of subsistence are withdrawn, those individuals will labour in some honest way for their support and devise various means for it, which again will be found advantageous to the country. If you suppose, that those individuals, deprived of the rent of the lands, will turn robbers and engage in other unlawful courses, I reply, that this will be prevented by the establishment of the schools and the vigour of the police, and that means are now used for imparting greater vigour to both.

As I know that the greater part of my countrymen do not agree in my opinion regarding rent-free lands, I shall not be surprized if I should be despised by them; but the impartial will judge upon what principle in opposition to the arguments I have advanced, any individual can be at liberty to enjoy lands without paying any rent to the State for them.

*Ramlochun Ghose.*

---

কোম্পানির কাগজ।

| | | | |
|---|---|---|---|
| ৬ টাকা সুদের লোন | ১৭ | ১৮ | প্রিমিয়ম |
| পুরাতন ৫ টাকার লোন | | | |
| ১ ক্লাস | ৸৹ | ॥৹ | ঐ |
| ২ ক্লাস | ১ | ৸৹ | ঐ |
| ৩ ক্লাস | ১।৹ | ১৸৹ | ঐ |
| মধ্যম ৫ টাকার লোন | ০ | ০ | ঐ |
| নূতন ৫ টাকার লোন | ১৸৹ | ২ | ঐ |
| ৪ টাকার লোন | ১৸৹ | ২ | ঐ |

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ৬০০০—৬২০০ প্রিমিয়ম

---

*Government Securities.*

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 6 Per Cent loan | 17 | 0 | 18 | 0 | Prem. |
| Old 5 Per Cent loan, | | | | | |
| 1st. Class, | 0 | 4 | 0 | 0 | |
| 2d. Class, | 0 | 5 | 0 | 0 | |
| 3d. Class, | 4 | 0 | 3 | 8 | |
| Middle 5 per cent loan, | 0 | 0 | 0 | 0 | |
| New 5 per Cent, | 11 | 8 | 10 | 8 | |
| 4 per Cent loan, | 0 | 2 | 0 | 6 | Disct. |

*Bank Shares.*

Bank of Bengal. ........... Co's Rs. 1600—1700.

B.L